৩ আমি গৃহমধ্যে সরল ভাবে আচরণ করিব; এবং কোন দুষ্ট কর্ম্মের প্রতি দৃষ্টিপাত করিব না, ও বিপথগমন ঘৃণা করিয়া তাহাতে ৪ লিপ্ত হইব না। কুটিলান্তঃকরণ লোক আমাহইতে দূরীকৃত ৫ হইবে, ও আমি দুষ্ট লোকের সহিত আলাপ করিব না। যে জন গুপ্তরূপে নিজ প্রতিবাসির গ্লানি করে, তাহাকে উচ্ছিন্ন করিব; যাহার সাহঙ্কার দৃষ্টি ও গর্ব্বিত মন, তাহার প্রতি সহিষ্ণু হইব ৬ না। দেশীয় বিশ্বস্ত লোক যেন আমার সহিত বাস করে, তন্নিমিত্তে তাহার প্রতি আমার দৃষ্টি থাকিবে; যে জন সরল পথাবলম্বী, ৭ সে আমার সেবা করিবে। কিন্তু প্রবঞ্চনাকারী আমার গৃহে বাস করিতে পাইবে না, এবং মিথ্যাবাদী আমার সাক্ষাতে থাকিতে ৮ পাইবে না। প্রতি প্রভাতে আমি দেশস্থ পাপি লোকদিগকে উচ্ছিন্ন করিব, তাহাতে পরমেশ্বরের নগরহইতে কুকর্ম্মকারিরা ছিন্ন-ভিন্ন হইবে।

১০২ দ্বিশততমং গীতং।

অবসন্নত্বাৎ পরমেশ্বরায় স্বচিন্তাং নিবেদয়তো দীনহীনস্য প্রার্থনা।

প্রার্থনাং মামকীনাং ত্বং পরমেশ্বর সংশৃণু। ১
মামকীনার্ত্তরাবশ্চ ত্বৎসাক্ষাদ্ উপতিষ্ঠতু ॥
মা সমাচ্ছাদ্যতাং মত্তো ভবতা স্বীয়মাননং। ২
মদ্বিপত্তে র্দিনে ত্বঞ্চ ময়ি শ্রোত্রং নিধেহি হি।
মদাহ্বানদিনে দেহি ত্বরিতং মহ্যমুত্তরং ॥
যতো হেতো র্বিলুপ্যন্তে দিবসা মম ধূমবৎ। ৩
উল্কাবন্মামকীনানি কীকসানি জ্বলন্তি চ ॥
আহতং তৃণবচ্ছুষ্কম্ অস্ত্যন্তঃকরণং মম। ৪
তস্মান্মদীয়চিত্তস্য ভোক্তুং ভবতি বিস্মৃতিঃ ॥
মম খেদোক্তিশব্দেন লগন্ত্যস্থীনি চর্ম্মণি ॥ ৫
মরুভূমিস্থকহ্বস্য সাদৃশ্যং প্রাপ্তবানহং। ৬

---

১০২ গীত।

পরমেশ্বরের কাছে বিনয়কারি ও বিপদগ্রস্ত দুঃখি লোকের নিবেদন।

হে পরমেশ্বর, আমার প্রার্থনা শুন, ও আমার নিবেদন তোমার ১ কর্ণগোচর হউক। বিপদের দিনে আমাহইতে আপন মুখ আ- ২ চ্ছাদন করিও না, আমার নিবেদনের প্রতি কর্ণপাত কর, ও আমার প্রার্থনা করণ সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। কেননা আমার ৩ দিন সকল ধূমের ন্যায় ক্ষয় পায়, ও আমার অস্থি সকল দগ্ধ কাষ্ঠের ন্যায় উত্তপ্ত হয়। এবং আমার অন্তঃকরণ তৃণের ন্যায় ৪ দলিত ও শুষ্ক হওয়াতে আমি ভোজন করিতে বিস্মৃত হই। এবং ৫ হাহাকার শব্দ করাতে আমার অস্থি চর্ম্ম বিদ্ধ করে। আমি ৬

তুল্যোঽস্মি বায়সারাতেরুচ্ছিন্নালয়বাসিনঃ ॥
৭ জাগ্রন্ বর্ত্তে চ নিঃসঙ্গঃ পটলে চটকো যথা ॥
৮ মামকীনবিপক্ষা মাং বিনিন্দন্ত্যখিলং দিনং।
যে চ মাং প্রতি কোপান্ধাস্তে মাং শাপাস্পদং বিদুঃ ॥
৯ অন্নবদ্ ভস্ম ভক্ষামি মিশ্রয়াম্যশ্রুভিঃ পয়ঃ।
১০ ত্বদীয়ক্রোধরোষাভ্যাং ত্বয়োন্নম্য নিপাতিতঃ ॥
১১ সান্ধ্যচ্ছায়াবদায়ুর্মে পরিশুষ্যামি ঘাসবৎ।
১২ নিত্যং সিংহাসনাসীনঃ স্থাস্যসি ত্বং পরেশ্বর।
পুরুষানুক্রমং যাবৎ স্থায়িনী তব সংস্মৃতিঃ ॥
১৩ ত্বমুত্থায় সিয়োনাখ্যাম্ অনুকম্পিষ্যসে পুরীং।
অয়ং তৎপ্রিয়তাকালঃ সময়ঃ সমুপাগতঃ ॥
১৪ যতস্তস্যাঃ শিলারাশৌ প্রীয়ন্তে তব সেবকাঃ।
তস্যা ধূলিসমূহে চ করুণার্দ্রা ভবন্তি তে ॥
১৫ ভেষ্যন্তে সর্ব্বজাতীয়াঃ পরমেশস্য নামতঃ।

প্রান্তরস্থ হাড়গিলার তুল্য ও উচ্ছিন্ন স্থানের পেচকের ন্যায়
৭ হই। এবং ছাতের উপরিস্থ সঙ্গিহীন চটকের ন্যায় হইয়া জাগ্রৎ
৮ থাকি। আমার শত্রুগণ সমস্ত দিন আমাকে নিন্দা করে, ও আমার
বিরুদ্ধে ক্রোধান্ধ লোকেরা আমার প্রতিকূলে শপথ করে।
৯ তোমার প্রচণ্ড ক্রোধ ও কোপ প্রযুক্ত আমি অন্নের ন্যায় ভস্ম
১০ ভক্ষণ করি, এবং পানীয়ের সহিত চক্ষুর জল পান করি; তুমি
১১ অগ্রে আমাকে উঠাইয়া পরে অধঃক্ষেপণ করিলা। অপরা-
হ্নের ছায়ার ন্যায় আমার দিন যায়, আমি তৃণের ন্যায় শুষ্ক হই।
১২ হে পরমেশ্বর, তুমি সর্ব্বদা সিংহাসনোপবিষ্ট থাকিবা, ও
১৩ তোমার স্মরণ পুরুষানুক্রমে স্থায়ি। তুমি উঠিয়া সিয়োনের প্রতি
কৃপা করিবা; তাহার প্রতি দয়া করণের সময় অর্থাৎ নিরূপিত
১৪ সময় উপস্থিত হইল। যেহেতুক তোমার সেবকগণ তাহার প্রস্ত-
১৫ রেতে তুষ্ট ও তাহার ধূলাতে দয়ার্দ্র হইতেছে। তাহাতে অন্য-

সর্ব্বে ক্ষৌণ্যাশ্চ রাজানস্তাবকীনপ্রতাপতঃ॥
যতো হেতোঃ সিয়োনং স নির্ম্মাস্যতি পরেশ্বরঃ। ১৬
তদা স্বীয়প্রতাপেন দর্শনং স প্রদাস্যতি॥
প্রার্থনায়াঞ্চ দীনানাং স প্রসন্নো ভবিষ্যতি। ১৭
লোকানাং প্রার্থনা তেষাং নৈব তেনাবমংস্যতে॥
ভাবিবংশীয়লোকানাং নিমিত্তং লিখ্যতে ত্বিদং। ১৮
সৃক্ষ্যতে যঃ প্রজাবর্গঃ স স্তোষ্যতি পরেশ্বরং॥
অধো বিধায় দৃক্পাতং ঊর্দ্ধস্থধর্ম্মধামতঃ। ১৯
স্বর্গাদেব সমালোক্য পৃথিবীং পরমেশ্বরঃ॥
কারাবদ্ধস্য লোকস্য রাবমাকর্ণয়িষ্যতি। ২০
মৃতকম্পমনুষ্যস্য মোচনঞ্চ করিষ্যতি॥
ততঃ পরেশসেবার্থং সর্ব্বদেশনিবাসিভিঃ। ২১
সর্ব্বরাষ্ট্রীয়লোকৈশ্চ যুগপন্মিলনে কৃতে॥
সিয়োনে পরমেশস্য নাম সংবর্ণয়িষ্যতে। ২২
যিরূশালমপূর্য্যাঞ্চ তস্য কারিষ্যতে স্তবঃ॥

জাতীয়েরা পরমেশ্বরের নামে ও পৃথিবীর তাবৎ রাজা তাঁহার মহিমাতে ভীত হইবে। কেননা পরমেশ্বর সিয়োন্ গাঁথিয়া আপন ১৬ মহিমাতে দর্শন দিবেন; ও দীনহীনদিগের প্রার্থনা গ্রাহ্য করিবেন, ১৭ ও সেই প্রার্থনা তুচ্ছ করিবেন না। ভাবি লোকদের নিমিত্তে ১৮ ইহা লিখিত হইতেছে; যে লোকেরা সৃষ্ট হইবে, তাহারা পরমেশ্বরের গুণানুবাদ করিবে। কেননা পরমেশ্বর আপন উচ্চ ধর্ম্মধা- ১৯ মহইতে দৃষ্টিপাত করিয়া স্বর্গহইতে পৃথিবীকে অবলোকন করিয়া ২০ বন্দি লোকের হাহাকার শুনিবেন ও মৃতকম্পদিগকে মুক্ত করিবেন। তাহাতে পরমেশ্বরের সেবা করণার্থে স্বদেশীয় ও বিদেশীয় ২১ তাবৎ লোক একত্র হইলে, সিয়োনের মধ্যে ঈশ্বরের নাম ও যিরূ- ২২ শালমের মধ্যে তাঁহার প্রশংসা প্রকাশিত হইবে।

২৩ ন্যূনং হি ক্রিয়তে তেন পথিমধ্যে বলং মম।
মামকীনদিনানাঞ্চ ছেদনং বিদধাতি সঃ॥
২৪ ততোঽহং বচ্মি হে ঈশ মামর্দ্ধায়ুষি মা হর।
পুরুষানুক্রমং যাবদ্ বৎসরাঃ স্থাস্নবস্তব॥
২৫ আদিকালে হি মেদিন্যা মূলং সংস্থাপিতং ত্বয়া।
তথা ত্বদীয়হস্তাভ্যাং নির্ম্মিতং ব্যোমমণ্ডলং॥
২৬ উভে তে যাস্যতো নাশং কিন্তু ত্বমবতিষ্ঠসে।
জীর্ণতাঞ্চ গমিষ্যন্তি তানি সর্ব্বাণি বস্ত্রবৎ।
বিকারং প্রাপয়িষ্যন্তে বিকার্য্য বেশবৎ ত্বয়া॥
২৭ ত্বন্তু নিত্যং স এবাসি নিরন্তাস্তব বৎসরাঃ॥
২৮ ত্বদীয়সেবকানান্তু সন্তানৈর্বাস আপ্স্যতে।
সুস্থিরস্তব সাক্ষাচ্চ তেষাং বংশো ভবিষ্যতি॥

---

২৩ তিনি পথের মধ্যে আমার বলের হ্রাস ও দিবসের ক্ষয় করি-
২৪ তেছেন। অতএব আমি কহি, হে আমার ঈশ্বর, আয়ুর অর্দ্ধেক থাকিতে আমাকে মৃত্যুতে সমর্পণ করিও না; তোমার বৎসর
২৫ পুরুষানুক্রমে স্থতন। তুমি আদিতে পৃথবীর মূল স্থাপন করিয়াছ,
২৬ এবং আকাশমণ্ডল তোমার হস্তকৃত। উভয়ই বিনষ্ট হইবে, কিন্তু তুমি নিত্য; সে সমস্ত বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে,
২৭ এবং তুমি বস্ত্রের ন্যায় খুলিলে তাহার পরিবর্ত্তন হইবে। কিন্তু
২৮ তুমি নিত্য, তোমার বৎসরের ক্ষয় কদাচ হইবে না। তোমার সেবকদের সন্তানগণ থাকিবে, এবং তাহাদের বংশ তোমার সাক্ষাতে স্থির থাকিবে।

১০৩ ত্রিশততমং গীতং।

দয়ানুগ্রহয়োঃ কৃতে পরমেশ্বরং প্রশংসিতুং বিনয়ঃ।

দায়ূদো গীতং।

পরমেশ্বরমেব ত্বং বন্দস্ব হে মনো মম। ১
বন্দস্ব তস্য পূতঞ্চ নাম কৃৎস্নং মদন্তর॥
পরমেশ্বরমেব ত্বং বন্দস্ব হে মনো মম। ২
তদীয়হিতকর্ম্মাণি সকলানি ন বিস্মর॥
দোষাণাং তব সর্ব্বেষাং মার্জ্জনং বিদধাতি সঃ। ৩
ব্যাধীনাং তব সর্ব্বেষাং প্রতীকারং করোতি চ॥
নাশতশ্চ তবাসূনাম্ উদ্ধারস্তেন সাধ্যতে। ৪
স দয়াকরুণাভ্যাঞ্চ ত্বাং করোতি কিরীটিনং॥
তর্পয়ত্যুত্তমৈ র্দ্রব্যৈস্তাবকীনাননঞ্চ সঃ। ৫
যৌবনং কুররস্যেব নবীনং জায়তে তব॥
পরমেশ্বর এবাস্তি ন্যায়কর্ম্মবিধায়কঃ। ৬
সর্ব্বেষাং পীড্যমানানাং সুবিচারং করোতি সঃ॥

---

১০৩ গীত।

দয়া ও অনুগ্রহের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা করিতে বিনতি।

দায়ূদের গীত।

হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; হে আমার অন্তরস্থ ১ সকল, তাঁহার পবিত্র নামের ধন্যবাদ কর। হে আমার মন, ২ পরমেশ্বরের ধন্যবাদ কর, ও তাঁহার সকল দান বিস্মৃত হইও না। তিনি তোমার তাবৎ পাপ মার্জ্জনা করেন ও তোমার সকল ৩ রোগের শান্তি করেন; এবং বিনাশহইতে তোমার প্রাণকে উদ্ধার ৪ করেন, এবং স্নেহ ও দয়ারূপ মুকুটেতে তোমাকে ভূষিত করেন; এবং উত্তম দ্রব্যে তোমার মুখকে তৃপ্ত করেন; তাহাতে উৎ- ৫ ক্রোশ পক্ষির ন্যায় পুনর্ব্বার তোমার নূতন যৌবন হয়।

পরমেশ্বর তাবৎ উপদ্রুত লোকের নিমিত্তে ন্যায় ও সুবিচার ৬

৭ পুরা স্বকীয়মার্গান্ স জ্ঞাপয়ামাস মূসসং।
ইস্রায়েলীয়বংশঞ্চ স্বীয়কর্ম্মাণ্যবেদয়ৎ॥

৮ অনুকম্পী দয়ালুশ্চ স্মৃতঃ স পরমেশ্বরঃ।
ক্রোধে বিলম্বকারী স বরিষ্ঠোঽনুগ্রহে তথা॥

৯ ন স বৈরায়তে নিত্যং ন স কুপ্যতি সর্ব্বদা॥

১০ অস্মৎপাপানুসারেণ নাচচার স নঃ প্রতি।
অস্মভ্যঞ্চাপরাধানাং ন সমং স দদৌ ফলং॥

১১ ভুবনোপরি যতুচ্চং ভবেদ্ গগনমণ্ডলং।
ততি গুর্ব্বী কৃপা তস্য স্বীয়ভক্তগণোপরি॥

১২ উদয়াদ্ যতি দূরঞ্চ সূর্য্যাস্তস্য স্থলং ভবেৎ।
অস্মত্তো নিজপাপানি ততি দূরীকরোতি সঃ॥

১৩ যাদৃশী নিজপুত্রেষু জনকস্য দয়া ভবেৎ।
স্বভক্তেষু পরেশস্য তাদৃশী জায়তে দয়া॥

১৪ কিম্ভূতা সৃষ্টিরস্মাকং সম্যগ্ বেত্তি স এব তৎ।
বয়ং রেণুময়া এতৎ তেন সংস্মর্য্যতে ধ্রুবং॥

---

৭ করেন। তিনি মূসাকে আপনার পথ ও ইস্রায়েল বংশকে আপ-
৮ নার কর্ম্ম জানাইয়াছেন। পরমেশ্বর কৃপাময় ও দয়ালু এবং
৯ ক্রোধে ধীর ও অনুগ্রহেতে মহান্। তিনি নিরন্তর অনুযোগ করেন
১০ না ও সর্ব্বদা অসন্তুষ্ট থাকেন না। তিনি আমাদের পাপানুসারে
আমাদের সহিত ব্যবহার করেন না, ও আমাদের অপরাধা-
১১ নুসারে প্রতিফল দেন না। কিন্তু পৃথিবী অপেক্ষা আকাশমণ্ডল
যেমন উচ্চ, তদ্রূপ তাঁহার ভয়কারিদের প্রতি তাঁহার অনুগ্রহ
১২ বড়। উদয়াচলহইতে যেমন অস্তাচল দূর, তদ্রূপ তিনি আমাদের
১৩ হইতে আমাদের পাপ সকলকে দূর করেন। পুত্রের প্রতি যাদৃশ
পিতার স্নেহ, আপন ভয়কারিদের প্রতি পরমেশ্বরেরও তাদৃশ
১৪ স্নেহ আছে। তিনি আমাদের স্বভাব জানেন; আমরা যে ধূলী-

তৃণতুল্যানি মর্ত্ত্যস্য দিনানীহ ভবন্তি হি। ১৫
ক্ষেত্রে পুষ্পং যথা ফুল্লেৎ তদ্বদেব স ফুল্লতি॥
তং স্পৃষ্ট্বা পবনে যাতে স নিঃস্বত্বং প্রগচ্ছতি। ১৬
ন স্বকীয়স্থলেনাপি স পুনঃ পরিচীয়তে॥
পরন্তুনাদ্যনন্তৈব করুণা পরমেশিতুঃ। ১৭
ভক্তেষু বর্ত্ততে তস্য ধর্ম্মঃ পুত্রসুতেষ চ।
নিয়মাচারিণাং তস্য স্মরতাং কর্ম্মভি র্বিধীন্॥ ১৮
স্বর্গে সংস্থাপয়ামাস পরমেশো নিজাসনং। ১৯
করোতি স্বীয়রাজত্বে স সর্ব্বোপরি শাসনং॥
বন্দধ্বং পরমেশং তং যূয়ং দূতাস্তদীয়কাঃ। ২০
বীরা মহাবলা যূয়ং তদীয়াদেশসাধকাঃ।
তদীয়াদেশশব্দস্য শ্রবণে নিত্যমুদ্যতাঃ॥
বন্দধ্বং পরমেশং তং তস্য সর্ব্ববলান্যপি। ২১
তদীয়সেবকা যূয়ং তদভীষ্টস্য সাধকাঃ॥
বন্দধ্বং পরমেশং তং হে তদীয়াখিলাঃ ক্রিয়াঃ। ২২

মাত্র, ইহা তাঁহার স্মরণে থাকে। মর্ত্তোর দিন তৃণবৎ, সে ক্ষে... ১৫
পুষ্পের ন্যায় প্রফুল্ল হয়। তাহার উপরে এক বার বায়ু বহিলে ১৬
সে আর থাকে না; এবং কোথায় ছিল, তাহার চিহ্নও দৃষ্ট হয়
না। কিন্তু আপন ভয়কারিদের প্রতি পরমেশ্বরের অনুগ্রহ আ- ১৭
দ্যোপান্ত আছে; এবং যাহারা তাঁহার নিয়ম মানে ও তাঁহার ১৮
আজ্ঞা মনে রাখিয়া পালন করে, তাহাদের নিকটে তাঁহার ধর্ম্ম
বংশানুক্রমে আছে। পরমেশ্বর স্বর্গের মধ্যে আপনার সিংহাসন ১৯
স্থাপন করিয়া আপন রাজ্যে সকলের উপরে কর্ত্তৃত্ব করেন।

হে পরমেশ্বরের আজ্ঞাকারি ও বাক্যের রব শ্রবণকারি মহা- ২০
পরাক্রমি দূতগণ, তোমরা তাঁহার ধন্যবাদ কর। হে পরমেশ্বরের ২১
সেবাকারি ও তাঁহার অভিমত সাধনকারি সৈন্যগণ, তোমরা
তাঁহার ধন্যবাদ কর। হে পরমেশ্বরের সৃষ্ট বস্তু সকল, তোমরা ২২

তদধীনস্য রাষ্ট্রস্য সর্ব্বস্থানেষু বিস্তৃতাঃ।
পরমেশ্বরমেব ত্বং বন্দস্ব হে মনো মম॥

---

১০৪ চতুঃশততমং গীতং।

ঈশ্বরস্য গুণকর্ম্মণো বর্ণনং প্রশংসা চ।

১ পরমেশ্বরমেব ত্বং বন্দস্ব হে মনো মম।
ত্বমতীব মহান্ আসে হে পরেশ্বর মৎপ্রভো।
তেজঃশোভাস্বরূপেণ বাসসা ত্বং বিভূষিতঃ॥
২ ত্বং পরিচ্ছদবদ্ দীপ্ত্যা চাত্মানং পরিবেষ্টসে।
উল্লোচঞ্চ যথা তদ্বদ্ অন্তরীক্ষং তনোষি হি॥
৩ জলৈঃ স্বাট্টাংশ্চ নির্ম্মাসি করোষ্যভ্রান্ নিজং রথং।
গন্ধবাহস্য পক্ষাভ্যাং বিদধাসি সমাগমৌ॥
৪ স্বদূতান্ কুরুষে বায়ূন্ স্বভৃত্যান্ জ্বলিতানলং॥
৫ স্বকীয়ভিত্তিমূলেষু স্থাপিতা মেদিনী ত্বয়া।
ন চলিষ্যতি তস্মাৎ সা সর্ব্বকালাবধি স্থিরা॥
৬ ত্বং ব্যস্তারী গম্ভীরাণি বারীণ্যাবরণং যথা।

তাঁহার রাজ্যের সর্ব্বত্র তাঁহার ধন্যবাদ কর। হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৪ গীত।

ঈশ্বরের গুণ ও কর্ম্মের বর্ণনা ও প্রশংসা।

১ হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; আমার প্রভু পরমেশ্বর
২ অতি মহান্ ও গৌরবেতে ও সৌন্দর্য্যেতে বিভূষিত। তিনি দীপ্তিরূপ বস্ত্র পরিধান করেন, ও আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তা-
৩ রিত করেন। তিনি জলদ্বারা আপন উচ্চগৃহ নির্ম্মাণ করেন, ও মেঘকে রথস্বরূপ ও বায়ুকে পক্ষস্বরূপ করিয়া গমনাগমন করেন।
৪ তিনি আপন দূতগণকে বায়ুস্বরূপ ও আপন সেবকদিগকে অগ্নি-
৫ শিখাস্বরূপ করেন। তিনি পৃথিবীর মূল এমত স্থাপন করিয়াছেন,
৬ যে সে কদাচ বিচলিত হয় না। তিনি গম্ভীর জলরূপ বস্ত্রে

উর্দ্ধতিষ্ঠন্ত তোয়ানি আসীং ভূধরোপরি ॥
কিন্তু তানি পলায়ন্ত দূরং ত্বদীয়তর্জনাৎ। ৭
তব গর্জ্জনশব্দাচ্চ কম্পাস্তেষামজায়ত ॥
উদতিষ্ঠন্ তদা শৈলা অধোঽগচ্ছন্নুপত্যকাঃ। ৮
প্রত্যেকঞ্চ ত্বয়াদিষ্টং স্বীয়স্থানং সমাশ্রয়ন্ ॥
তেষামলঙ্ঘনীয়ঞ্চ সীমানং ত্বং ন্যরূপয়ঃ। ৯
ন কদাপি পরাবৃত্য ধরা তৈশ্ছাদয়িষ্যতে ॥
নিম্নভূমিষু তোয়ানাম্ উৎসা উৎপাদিতাস্ত্বয়া। ১০
গিরীণামন্তরালেষু বিসর্পন্তো ব্রজন্তি হি ॥
সর্ব্বেভ্যো বন্যজন্তুভ্যঃ পেয়ং তৈঃ প্রতিপাদ্যতে। ১১
তৃষ্ণাং ছিন্দন্তি তত্রৈব গর্দ্দভা বনবাসিনঃ ॥
তদূর্দ্ধ্বে কুর্ব্বতে বাসং পক্ষিণো ব্যোমচারিণঃ। ১২
শাখামধ্যে সুখাসীনা গায়ন্ত্যুচ্চরবেণ চ ॥
স্বীয়াট্টেভ্যো জলং প্রেষ্য ত্বং হি সিঞ্চসি পর্ব্বতান্। ১৩
মহীং ত্বৎসৃষ্টবস্তূনাং ফলৈস্তর্পয়সি স্বয়ং ॥
তৃণং প্ররোহ্য পশ্বর্থং শাকং নৃণাং হিতায় চ। ১৪

পৃথিবীকে আচ্ছাদিত করিলে জল পর্ব্বতের উপরিস্থ হইল। কিন্তু ৭
তাঁহার শাসনদ্বারা পলায়ন করিল, ও তাঁহার গর্জ্জনধ্বনির দ্বারা
বেগে গমন করিল। নিরূপিত স্থানে পর্ব্বত উঠিল ও উপত্যকা ৮
নামিল। তিনি তাহার এমন এক সীমা রাখিলেন, যে ঐ জল তাহা ৯
লঙ্ঘন করিয়া পৃথিবীকে পুনর্ব্বার আচ্ছাদন করিতে পারে না।
তিনি নিম্নস্থানে উনুই বহাইলে সে পর্ব্বতগণের মধ্যে ভ্রমণ করে। ১০
ক্ষেত্রস্থ পশুগণ তাহার জল পান করে, ও বনগর্দ্দভ আপন তৃষ্ণা ১১
নিবারণ করে। এবং শূন্যের পক্ষিগণ তাহার নিকটে বাসা করে, ১২
ও ডালে বসিয়া গান করে। তিনি আপন উচ্চগৃহহইতে পর্ব্বত- ১৩
গণকে সেচন করেন, তাহাতে তাঁহার কর্ম্মফলেতে পৃথিবী পরি-
তৃপ্ত হয়। তিনি পশুগণের নিমিত্তে তৃণ ও মনুষ্যের সেবার্থে ১৪

উৎপাদয়ন্তে হি ভক্ষ্যাণি ধরায়া মধ্যতস্তুয়া ॥

১৫ দ্রাক্ষারসা মনুষ্যাণাং হৃৎসু হর্ষপ্রদায়িনঃ।
তৈলাৎ তদীয়বক্ত্রাণাং প্রফুল্লত্বপ্রবর্দ্ধকাঃ।
গোধূমা অপি মর্ত্ত্যানাং চিত্তাপ্যায়নকারিণঃ ॥

১৬ রসপূর্ণা হি বিদ্যন্তে পরমেশস্য পাদপাঃ।
এরসাখ্যা লিবানোনে হস্তাভ্যাং তেন রোপিতাঃ ॥

১৭ তত্র স্থানে প্রকুর্ব্বন্তি স্বনীড়ান্ ক্ষুদ্রপক্ষিণঃ।
আলয়া লক্ষ্মণানাঞ্চ বিদ্যন্তে দেবদারবঃ ॥

১৮ উচ্চশৈলাঃ প্রযচ্ছন্তি বনছাগেভ্য আশ্রয়ং।
শাফটাভিধজন্তুনাম্ আশ্রয়াশ্চ শিলোচ্চয়াঃ ॥

১৯ কালপর্য্যায়বোধার্থং ত্বয়াসর্জি নিশাপতিঃ।
অস্তালম্বনকালঞ্চ বিজানাতি দিবাকরঃ ॥

২০ অন্ধকারে ত্বয়ানীতে রজনী তূপতিষ্ঠতি।
প্রসর্পন্তি তদা সর্ব্বে পশবো হরণ্যবাসিনঃ ॥

২১ সিংহা গর্জ্জন্তি মাংসার্থং যাচন্তে চাম্নমীশ্বরাৎ ॥

---

১৫ শাক বৃদ্ধি করেন। এবং মনুষ্যের মনের আনন্দকারি মদিরা ও তাহার মুখের প্রসন্নতাজনক তৈল, ও তাহার হৃদয় দৃঢ়কারি শস্য,
১৬ ইত্যাদি খাদ্য দ্রব্য পৃথিবীহইতে উৎপন্ন করেন। পরমেশ্বরের বৃক্ষ সকল, অর্থাৎ লিবানোনের এরস্বৃক্ষ প্রভৃতি যাহা২ তিনি রোপণ
১৭ করিয়াছেন, সে সমস্তই রসেতে পরিপূর্ণ। তাহার মধ্যে ক্ষুদ্র
১৮ পক্ষিগণ বাসা করে, ও দেবদারু বৃক্ষে বকের বাসা আছে। এবং উচ্চ পর্ব্বত বনছাগের অধিকার,ও শৈল সকল শাফন্ পশুর আশ্রয়।
১৯ তিনি কালকে বিশেষ২ করণার্থে চন্দ্রের সৃষ্টি করিয়াছেন, এবং
২০ সূর্য্যও আপন অস্তগমনের সময় জানে। তিনি অন্ধকারদ্বারা রাত্রি
২১ উপস্থিত করিলে বনপশু সকল বহির্গত হয়। তরুণ সিংহগণ আহারের নিমিত্তে গর্জ্জন করিয়া ঈশ্বরহইতে খাদ্য চেষ্টা করে।

সূর্য্যোদয়ে হুপগচ্ছন্তঃ স্বগুহাসু শয়ন্তি তে ॥ ২২
নরঃ কার্য্যায় নিক্রান্তঃ সন্ধ্যাং যাবদ্ ব্যবস্যতি ॥ ২৩
কীদৃগ্ বহূনি বিদ্যন্তে ত্বৎকর্মাণি পরেশ্বর। ২৪
তানি সর্ব্বাণি সজ্ঞানং সাধয়াঞ্চক্রিরে ত্বয়া।
পরিপূর্ণা ত্বদীয়ার্থৈরিয়মস্তি বসুন্ধরা ॥
অমুং মহার্ণবং পশ্য সুবিস্তীর্ণং সমন্ততঃ। ২৫
অসংখ্যাস্তত্র বিদ্যন্তে প্রাণিনো বারিবাসিনঃ।
তত্র ক্ষুদ্রা মহান্তশ্চ বর্ত্তন্তে জলজন্তবঃ ॥
বিহারং কুর্ব্বতে তত্র পোতাঃ সাগরগামিনঃ। ২৬
ক্রীড়নার্থঞ্চ তন্মধ্যে ত্বৎসৃষ্টো লিবিয়াথনঃ ॥
স্বকালে ভক্ষ্যদাতা ত্বং সর্ব্বৈরেতৈরুদীক্ষ্যসে ॥ ২৭
ত্বয়া যদ্ দীয়তে তেভ্যঃ সঞ্চিন্বন্তি তদেব তে। ২৮
ত্বদীয়মুক্তহস্তত্বাৎ তৃপ্যন্তি মঙ্গলেন তে ॥
ত্বয়া প্রচ্ছাদিতে বক্তে পর্য্যুদ্বিগ্না ভবন্তি তে। ২৯
নাসাবায়ৌ ত্বয়া তেষাং রুদ্ধে প্রাণান্ ত্যজন্তি চ।

সূর্য্যোদয় হইলে তাহারা ফিরিয়া আপন২ গুহাতে শয়ন করে। ২২
তখন মনুষ্য সায়ংকাল পর্য্যন্ত আপন২ কর্ম্মে শ্রম করিতে বহির্গত ২৩
হয়। হে পরমেশ্বর, তোমার কর্ম্ম কেমন বহুবিধ! তুমি জ্ঞানেতে ২৪
তাবৎ সৃষ্টি করিয়াছ; এই পৃথিবী তোমার ঐশ্বর্য্যেতে পরিপূর্ণ।
ঐ সমুদ্র দেখ, তাহা অতিশয় বিস্তারিত, তন্মধ্যে অসংখ্য জলচর, ২৫
এবং ক্ষুদ্র ও মহান্ কত জন্তু থাকে। তাহার মধ্যদিয়া জাহাজ ২৬
চলে, ও খেলা করণের নিমিত্তে তন্মধ্যে তুমি লিবিয়াথনের সৃষ্টি
করিয়াছ। তাহারা সকলে উচিত কালে তোমার দত্ত খাদ্য পাই- ২৭
বার জন্যে তোমার অপেক্ষা করে। তুমি তাহাদিগকে যাহা দেও, ২৮
তাহা তাহারা সঞ্চয় করে; তুমি আপন হস্ত মুক্ত করিলে তাহারা
মঙ্গলেতে তৃপ্ত হয়। কিন্তু তুমি আপন মুখ আচ্ছাদন করিলে ২৯

জন্মস্থানং রজোরূপং পুনর্ব্বারং প্রযান্তি চ ॥
৩০ স্বনিঃশ্বাসং ত্বয়া ত্যক্ত্বা তেষাং সৃষ্টি র্বিধীয়তে।
ভূমণ্ডলস্য রূপঞ্চ নবীনীক্রিয়তে পুনঃ ॥
৩১ প্রতাপঃ পরমেশস্য সদা স্থায়ী ভবিষ্যতি।
স্বকীয়েভ্যো হি কর্ম্মভ্যস্তস্য হর্ষো জনিষ্যতে ॥
৩২ পৃথিব্যাং তেন দৃক্পাতে কৃতে সা পরিকম্পতে।
ভূধরাস্তেন সংস্পৃষ্টা ধূমমূর্দ্ধ্বং ক্ষিপন্তি চ ॥
৩৩ গাস্যামি জীবনং যাবৎ সমুদ্দিশ্য পরেশ্বরং।
প্রাণানাং ধারণং যাবদ্ বাদ্যৈঃ স্তোষ্যে মদীশ্বরং ॥
৩৪ তস্মিন্ মদীয়কং ধ্যানং সুখদায়ি ভবিষ্যতি।
আনন্দঞ্চ করিষ্যামি পরমং পরমেশ্বরে ॥
৩৫ নংক্ষ্যন্তি পাপিনো মহ্যাং লোপং যাস্যন্তি দুর্জ্জনাঃ।
পরমেশ্বরমেব ত্বং বন্দস্ব হে মনো মম।
ধন্যবাদং পরেশস্য কুরুধ্বং সর্ব্বমানবাঃ ॥

তাহারা ব্যাকুল হয়, এবং তাহাদের প্রাণ অপহরণ করিলে ৩০ তাহারা মরিয়া পুনরায় ধূলিতে লীন হয়। তুমি আপন আত্মা প্রেরণ করিলে তাহারা সৃষ্ট হয়; তুমি ভূমির মুখকে পুনঃ২ প্রফুল্ল করিতেছ।

৩১ পরমেশ্বরের মহিমা নিত্যস্থায়ী, তিনি আপন কার্য্যে আন- ৩২ ন্দিত হন। তিনি পৃথিবীতে দৃষ্টি করিলে সে কম্পান্বিত হয়, ও ৩৩ পর্ব্বতগণকে স্পর্শ করিলে তাহারা ধূমময় হয়। আমি যাবজ্জীবন পরমেশ্বরের উদ্দেশে গান করিব, ও যাবজ্জীবন আমার ঈশ্বরের ৩৪ গুণানুবাদ করিব। তাঁহার বিষয়ে আমার ধ্যান সুখদায়ক হইবে, ৩৫ ও আমি পরমেশ্বরেতে আনন্দ করিব। পাপিগণ পৃথিবীহইতে উচ্ছিন্ন হইবে, ও দুষ্টগণ আর থাকিবে না। হে আমার মন, পরমেশ্বরের গুণানুবাদ কর। তোমরা পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৫ পঞ্চশততমং গীতং।

ইস্রায়েল্লোকান্ প্রতীশ্বরস্য ব্যবহারাণাং বর্ণনং।

যূয়ং পরেশ্বরং স্তুধ্বং তন্নাম্না কুরুতার্থনং। ১
সর্বদেশীয়লোকেষু তৎকর্মাণি প্রশংসত॥
তস্মৈ গায়ত তস্মৈ চ কুরুধ্বং যন্ত্রবাদনং। ২
অনুধ্যায়ত তস্যৈব সকলা অদ্ভুতাঃ ক্রিয়াঃ॥
তদীয়স্য পবিত্রস্য নাম্নঃ শ্লাঘাং বিধত্ত চ। ৩
তিষ্ঠত্বানন্দসংযুক্তং পরমেশার্থিনাং মনঃ॥
কুরুধ্বং পরমেশস্য তচ্ছক্তেশ্চ গবেষণং। ৪
তদীয়মাননং প্রাপ্তুং বিচেষ্টধ্বং নিরন্তরং॥
অনুচিন্তয়তাশ্চর্য্যাঃ ক্রিয়াস্তেনৈব সাধিতাঃ। ৫
তদীয়াদ্ভুতচিহ্নানি তদ্বক্ত্রস্য বিধীনপি॥
ভো ভো তদীয়দাসস্যেব্রাহীমাখ্যস্য বংশজাঃ। ৬
ভো ভো তেন গৃহীতস্য যাকূবোঽন্বয়সম্ভবাঃ॥

---

১০৫ গীত।

ইস্রায়েল্ লোকদের প্রতি ঈশ্বরের ব্যবহারের বর্ণনা।

পরমেশ্বরের প্রশংসা কর, ও তাঁহার নামে প্রার্থনা কর, ও লোক- ১
দের কাছে তাঁহার আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ কর। তাঁহার উদ্দেশে ২
গান কর, ও তাঁহার উদ্দেশে গীত গাও, ও তাঁহার আশ্চর্য্য কর্ম্ম
সকল মনেতে ধ্যান কর। তাঁহার পবিত্র নামের শ্লাঘা কর; ও ৩
পরমেশ্বরের অন্বেষণকারিদের অন্তঃকরণ আনন্দযুক্ত থাকুক। পর- ৪
মেশ্বরের ও তাঁহার শক্তির অন্বেষণ কর, ও সর্ব্বদা তাঁহার মুখের
অন্বেষণ কর। হে তাঁহার সেবক ইব্রাহীমের বংশ, হে তাঁহার ৫
মনোনীত যাকুবের বংশ, তাঁহার কৃত আশ্চর্য্য কর্ম্ম সকল ও ৬
তাঁহার অদ্ভুত লক্ষণ ও তাঁহার মুখের দণ্ডাজ্ঞা স্মরণ কর।

৭ অস্মৎপ্রভুঃ পরেশঃ স কৃৎস্নমহ্যা বিচারকঃ ॥
৮ স্বকীয়ো নিয়মস্তেন অর্য্যতে হি নিরন্তরং।
সহস্রপুরুষান্ যাবদ্ আদিষ্টং তেন তদ্ বচঃ ॥
৯ ইব্রাহীমে প্রতিজ্ঞাতম্ ইস্হাকে শপথেন চ ॥
১০ যাকূবীয়স্য বংশস্য বিধিবচ্চ নিরূপিতং।
অনন্তনিয়মার্থং তদ্ ইস্রায়েলি স্থিরীকৃতং ॥
১১ স জগাদ কিনানাখ্যং তুভ্যং দাস্যামি নীবৃতং।
যুষ্মদীয়াধিকারার্থং মানরজ্জ্বেব মাপিতং ॥
১২ তদানীমাশুগণ্যাস্তে স্বল্পাস্তত্র প্রবাসিনঃ ॥
১৩ বংশাদ্ বংশান্তরং জগ্মূ রাষ্ট্রাদ্ রাষ্ট্রান্তরং তথা ॥
১৪ স তু তান্ প্রতি কস্যাপি নানুজানাদুপদ্রবং।
তেষাং কৃতে মহীপালান্ ভর্ৎসয়ংশ্চেদমব্রবীৎ ॥
১৫ মা স্পৃশেতাভিষিক্তান্ মে মৎপ্রবক্তৄন্ ন হিংসত ॥
১৬ অপরং তেন দুর্ভিক্ষং সমাহূয় মহীং প্রতি।

---

৭ তিনি আমাদের প্রভু পরমেশ্বর, এবং তাবৎ পৃথিবীতে তাঁহার
৮ রাজশাসন আছে। তিনি আপন নিয়ম, অর্থাৎ সহস্র পুরুষপর-
৯ ম্পরাকে যে আজ্ঞা করিয়াছেন, ও ইব্রাহীমের সহিত যে নিয়ম
করিয়াছেন, ও ইস্হাকের প্রতি যে শপথ করিয়াছেন, তাহা
১০ সর্ব্বদা স্মরণ করেন। তিনি যাকুবের সহিত এক ব্যবস্থা ও ইস্রা-
১১ য়েলের সহিত এক চিরস্থায়ি নিয়ম স্থির করিয়া কহিলেন, আমি
১২ তোমাকে নির্ণীত অধিকারার্থে কিনান্‌দেশ দিব। তৎকালে তা-
হারা সংখ্যাতে অনেক নয়, অত্যল্প ও সেই দেশে প্রবাসী ছিল।
১৩ এবং এক প্রদেশহইতে অন্য প্রদেশে ও এক রাজ্যহইতে অন্য
১৪ রাজ্যে ভ্রমণ করিত। তথাপি তিনি তাহাদের উপদ্রব করিতে
কাহাকেও দিতেন না, বরং তাহাদের নিমিত্তে রাজগণকে অনু-
১৫ যোগ করিয়া কহিতেন, আমার অভিষিক্তগণকে স্পর্শও করিও
১৬ না, এবং আমার ভবিষ্যদ্বক্তৃগণের কিছু মন্দ করিও না। পরে

সর্বমেবান্নরূপঞ্চ বিনির্ভজ্যাবলম্বনং ॥
অগ্রগঃ প্রহিতস্তেষাং যূষফ্ ব্যক্রায়ি দাসবৎ॥ ১৭
নিগড়ৈঃ ক্লিষ্টপাদস্য তস্যাসূন্ লোহমস্পৃশৎ॥ ১৮
শেষে তদীয়বাক্যস্য সফলত্বে প্রকাশিতে। ১৯
পরমেশস্য বাচা চ সিদ্ধে তস্য পরীক্ষণে॥
রাজোদ্ধধার তং দূতৈ র্ভূপালস্তমমূমুচৎ॥ ২০
তং স্বগেহাধিপং কৃত্বা সর্বস্বস্য চ নায়কং॥ ২১
স্বকীয়েচ্ছানুসারেণ কুলীনানাঞ্চ বন্ধনং। ২২
মন্ত্রিণাং বোধনঞ্চাপি তস্মিন্নেব সমার্পয়ৎ॥
তদানীং মিসরং দেশম্ ইস্রায়েল্ অভিযাতবান্। ২৩
হামো জনপদে যাকূব্ প্রবাসী সম্বভূব চ॥
ঈশঃ স্বীয়প্রজানাঞ্চ বংশং সম্যগবর্দ্ধয়ৎ। ২৪
বিপক্ষাণাং বলাৎ তাসাং বলং শ্রেষ্ঠং চকার চ॥
স্বপ্রজাঃ প্রতি বিদ্বেষং স্বদাসান্ প্রতি ধূর্ত্ততাং। ২৫

তিনি পৃথিবীতে দুর্ভিক্ষ আহ্বান করিয়া ভক্ষ্যরূপ তাবৎ যষ্টি ভগ্ন করিলেন। কিন্তু তাহাদের অগ্রে যূষফ নামক এক ব্যক্তিকে ১৭ প্রেরণ করিলেন; সে দাসের ন্যায় বিক্রীত হইলে লোকেরা বেড়ী- ১৮ দ্বারা তাহার চরণকে ক্লেশ দিল, ও লৌহদ্বারা তাহার প্রাণকে বিদ্ধ করিল। কিন্তু তাহার কথা সফল হইলে, ও পরমেশ্বরের বাক্যদ্বারা ১৯ তাহার পরীক্ষা হইলে পর রাজা লোক পাঠাইয়া তাহাকে উদ্ধার ২০ করিল, ও নরপতি তাহাকে মুক্ত করিল। এবং ইচ্ছানুসারে রাজ- ২১ পুত্রদিগকে বদ্ধ করিতে ও মন্ত্রিগণকে শিক্ষা দিতে তাহাকে ২২ আপন গৃহের কর্ত্তা ও সর্ব্বস্বের অধ্যক্ষ করিয়া রাখিল।

পরে ইস্রায়েল্ মিসরদেশে গেল ও যাকুব্ হাম্ দেশে প্রবাস ২৩ করিতে লাগিল। তখন ঈশ্বর আপন লোকদের অতিশয় বংশবৃদ্ধি ২৪ করিলেন, ও শত্রুগণহইতে তাহাদিগকে বলবন্ত করিলেন। এবং ২৫ আপন লোকদিগকে ঘৃণা করিতে ও আপন ভৃত্যগণকে বঞ্চনা

যথা কুর্য্যুস্তথা তেষাং দ্বিষাং চিত্তং প্রবর্ত্ত্য সঃ॥
২৬ স্বদাসং মূসলং প্রৈষীৎ হারোণঞ্চ প্রিয়ং স্বয়ং॥
২৭ তেষাং মধ্যে তু তৌ তস্য লক্ষণানি সুবিস্তরং।
অদ্ভুতানি চ কর্ম্মাণি চক্রতু র্হামনীবৃতি॥
২৮ প্রহিতে তিমিরে তেন ঘোরসন্তমসাবহে।
তে নরাস্তস্য বাক্যানাং ন বভূবু র্বিরোধিনঃ॥
২৯ তেষাং তোয়ান্যসৃক্ কৃত্বা তেষাং মীনান্ জঘান সঃ॥
৩০ ভেকাস্তেষাং ভুবং ব্যাপু রাজ্ঞামন্তঃপুরেষ্বপি॥
৩১ তদ্বাচা মশকা আয়ন্ যূকাস্তেষাঞ্চ নীবৃতং॥
৩২ বৃষ্ট্যর্থং স শিলাস্তেভ্যো দেশে চাগ্নিশিখা দদৌ॥
৩৩ আহন্ দ্রাক্ষালতাস্তেষাং সকলানপ্যুডুম্বরান্।
তেষাং দেশে স্থিতান্ সর্বান্ প্রবভঞ্জ চ পাদপান্॥
৩৪ তদ্বাচা শলভা এত্য শূককীটাশ্চ কোটিশঃ॥
৩৫ তেষাং জনপদে জাতং চখাদুঃ সকলং তৃণং।

---

২৬ করিতে শত্রুদের মনে প্রবৃত্তি দিলেন। পরে নিজ দাস মূসাকে
২৭ ও আপনার মনোনীত হারোণকে পাঠাইলেন। তাহারা লোক-
দের মধ্যে তাঁহার চিহ্ন ও হাম্ দেশে আশ্চর্য্য কর্ম্ম দর্শন করা-
২৮ ইল। তিনি অন্ধকার প্রেরণ করিলে সকল অন্ধকারময় হইল,
তাহাতে (শত্রুগণ) তাঁহার বাক্যের বিপরীত করিতে পারিল না।
২৯ তিনি তাহাদের তাবৎ জল রক্ত করিয়া মৎস্যগণকে সংহার করি-
৩০ লেন। ও ভূমিজাত অগণ্য ভেক তাহাদের রাজগণের অট্টালি-
৩১ কাতে আইল। এবং তাঁহার আজ্ঞাতে মশকের ঝাঁক ও উকুন
৩২ তাহাদের সমস্ত প্রদেশে উপস্থিত হইল। এবং তাহাদের দেশে
৩৩ বৃষ্টির পরিবর্ত্তে শিলা ও শিখাযুক্ত অগ্নি বর্ষণ করিলেন। এবং
তাহাদের দ্রাক্ষালতা ও ডুমুর বৃক্ষে আঘাত করিয়া তাহাদের
৩৪ তাবৎ প্রদেশের তরু ভগ্ন করিলেন। এবং তাঁহার আজ্ঞাতে অসংখ্য
৩৫ ফড়িঙ্গ ও কীট আগমন করিয়া তাহাদের দেশের সমুদয় তৃণ

অভক্ষিষু র্হি সর্ব্বাণি ভূমিজানি ফলানি তে ॥
সকলান্ অগ্রজাতাংশ্চ তেষাং দেশে জঘান সঃ। ৩৬
সর্ব্বমেব নৃণাং তেষাং বীর্য্যজং প্রথমং ফলং ॥
স্বর্ণরৌপ্যৈঃ সমং তেন স্বলোকা নির্ন্যিরে বহিঃ। ৩৭
তেষাং বংশেষু নৈকোঽপি চাভবৎ স্খলনোন্মুখঃ ॥
আনন্দন্ হি মিস্রীয়াস্তেষাং নির্গমনাৎ তদা। ৩৮
তেষাং ভয়ানকত্বেন সর্ব্বে জাতা ভয়াতুরাঃ ॥
সোঽতানীৎ মেঘমুল্লোচং বহ্নিঞ্চ রাত্রিদীপকং ॥ ৩৯
যাচিতস্তৈঃ সমানৈষীৎ দরাদ্ বর্ত্তকপক্ষিণঃ। ৪০
স্বর্গীয়েণ চ ভক্ষ্যেণ তর্পয়ামাস তান্ জনান্ ॥
পাষাণে ছিদ্রিতে তেন সলিলানি বিসুস্রুবুঃ। ৪১
নদীবৎ তান্যকুর্ব্বংশ্চ মরুভূমৌ বিসর্পণং ॥
অস্মরন্ স্বপূতবাক্যং স ইব্রাহীমঞ্চ সেবকং। ৪২
প্রজা উদ্ধৃত্য হর্ষেণ স্বপ্রিয়ানুৎসবেন চ। ৪৩

ও ভূমির তাবৎ ফল ভক্ষণ করিল। তিনি তাহাদের প্রধান বলকে ৩৬
অর্থাৎ তাহাদের দেশীয় সমুদয় প্রথমজাত সন্তানকে হনন করিলেন
পরে তিনি সুবর্ণ রৌপ্যের সহিত আপন লোকদিগকে বহির্গত ৩৭
করিলেন, তাহাদের বংশের মধ্যে এক জনও দুর্ব্বল হইল না।
তাহাদের নির্গমনেতে মিস্রীয় লোকেরা আনন্দিত হইল, কেননা ৩৮
তাহারা তাহাদের হইতে ভয়গ্রস্ত ছিল। তিনি আচ্ছাদনের জন্যে ৩৯
মেঘ ও রাত্রিতে দীপ্তি দিবার নিমিত্তে অগ্নি বিস্তারিত করিলেন।
তাহারা যাচ্ঞা করিলে তিনি ভাঁটুই পক্ষিগণকে আনাইলেন ও ৪০
স্বর্গীয় ভক্ষ্যেতে তাহাদিগকে তৃপ্ত করিলেন। তিনি পর্ব্বত খুলিলে ৪১
জল বাহিরে বহিয়া নদীর স্রোতের ন্যায় শুষ্ক প্রদেশে গমন করিল।
এই রূপে তিনি আপন পবিত্র প্রতিজ্ঞা ও আপন সেবক ইব্রা- ৪২
হীমকে মনে করিলেন। এবং উল্লাসেতে আপন লোকদিগকে ও ৪৩
উচ্চধ্বনিতে আপন মনোনীত লোকদিগকে বাহির করিলেন।

৪৪ ভিন্নজাতীয়লোকানাং দেশান্ তেভ্যো দদৌ তদা।
তাংশ্চকারান্যবংশ্যানাং কর্ম্মণঃ ফলভোগিনঃ॥
৪৫ কিমর্থং ত্বে যথা তস্য মন্যেরন্ সকলান্ বিধীন্।
তস্যাজ্ঞাঃ পালয়েয়ুশ্চ যূয়ং স্তুত পরেশ্বরং॥

---

১০৬ ষট্শততমং গীতং।

ঈশ্বরং প্রতীস্রায়েলীয়লোকানাং ব্যবহারবর্ণনং।

১ যূয়ং পরেশ্বরং স্তুধ্বং পরমেশং প্রশংসত।
যতো হেতোঃ স সদ্ভাবো দয়া তস্য চ শাশ্বতী॥
২ কেন কীর্ত্তয়িতুং শক্যাঃ পরেশস্য মহাক্রিয়াঃ।
কৃৎস্নাং তস্য প্রশংসাং বা কঃ প্রকাশয়িতুং ক্ষমঃ॥
৩ ধন্যো বিচাররক্ষী চ ধর্ম্মাচারী চ সর্ব্বদা॥
৪ হে পরেশ প্রসাদেন স্বপ্রজাস্বিব মাং স্মর।
সমাদায় নিজত্রাণম্ আগমং কুরু মাং প্রতি॥

---

৪৪ তাহারা যেন তাঁহার বিধি মান্য করে ও তাঁহার ব্যবস্থা পালন করে, তন্নিমিত্তে তাহাদিগকে অন্যজাতীয়দের ভূমি প্রদান করি-
৪৫ লেন, এবং অন্য লোকদের কর্ম্মফল তাহাদিগকে ভোগ করাই-
লেন। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৬ গীত।

ঈশ্বরের প্রতি ইস্রায়েল লোকদের ব্যবহার বর্ণনা।

১ পরমেশ্বরের ধন্যবাদ কর, ও পরমেশ্বরের প্রশংসা কর। তিনি মঙ্গ-
২ লদাতা ও তাঁহার অনুগ্রহ নিত্যস্থায়ী। পরমেশ্বরের মহৎকর্ম্ম সকল বর্ণনা করা কাহার সাধ্য? ও তাঁহার তাবৎ প্রশংসা
৩ প্রকাশ করিতে কে পারে? যাহারা তাঁহার রাজনীতি পালন
৪ করে ও সর্ব্বদা ধর্ম্মাচরণ করে, তাহারাই ধন্য। হে পরমেশ্বর, তোমার লোকদের প্রতি তোমার যেমন অনুগ্রহ, তদনুসারে আমাকে স্মরণ কর, ও আমার তত্ত্বাবধারণ করিয়া আমাকে পরিত্রাণ

ত্বদীয়ানুগৃহীতানাং জনানাং বীক্ষ্য মঙ্গলং। ৫
ত্বৎপ্রজানাং হি হর্ষেণ প্রহর্ষিষ্যাম্যহং তদা।
উল্লাসঞ্চ করিষ্যামি তবাধীনজনৈঃ সহ॥

পিতরো নো বয়ঞ্চাপি পাপাচারমকুর্ম্মহি। ৬
তেনাপরাধিনো জাতা দুর্জ্জনাশ্চ স্মৃতা বয়ং॥
পিতরো নো মিসর্দেশে ন জজ্ঞুস্তেঽদ্ভুতাঃ ক্রিয়াঃ। ৭
তাবকীনপ্রসাদঞ্চ বহুকণং ন সস্মরুঃ।
সূফাব্ধৌ চ বভূবুস্ত ঈশ্বরস্য বিরোধিনঃ॥
স্বনামার্থং স তান্ তত্রে স্বপ্রভাবং প্রকাশয়ন্॥ ৮
ভর্ৎসিতস্তেন সূফাব্ধিঃ প্রাপ্তবান্ পরিশুষ্কতাং। ৯
তস্মাৎ স প্রান্তরেণেব সমুদ্রেণ নিনায় তান্॥
অরাতেশ্চ করাৎ তত্রে দ্বিষো হস্তাদ্ ররক্ষ চ॥ ১০
আপ আচ্ছাদয়ামাসুস্তেষাং সর্ব্ববিরোধিনঃ। ১১
শত্রূণাং মধ্য একোঽপি নাবাশিষ্যত রক্ষিতঃ॥

কর। তাহাতে আমি তোমার মনোনীতগণের মঙ্গল দেখিতে ৫
পাইব, ও তোমার দেশের আনন্দে আনন্দ করিব, ও তোম[illegible]
অধিকারের সহিত শ্লাঘা করিব।

আমাদের পূর্ব্বপুরুষ ও আমরা পাপ ও অপরাধ ও অধর্ম্ম করি- ৬
য়াছি। আমাদের পূর্ব্বপুরুষেরা মিসরদেশে তোমার আশ্চর্য্য কর্ম্ম ৭
বুঝিল না, ও তোমার প্রচুর অনুগ্রহ স্মরণ করিল না, বরং সাগ-
রের অর্থাৎ সূফ সাগরের নিকটে ক্রোধ জন্মাইল। তথাপি ৮
তিনি আপন নামের গুণে ও আপন মহিমা প্রকাশার্থে তাহাদি-
গকে পরিত্রাণ করিলেন। তিনি সূফ্ সাগরকে ধম্কাইলে সে শুষ্ক ৯
হইল, তাহাতে তিনি প্রান্তরের ন্যায় গভীর সমুদ্রের মধ্য দিয়া
তাহাদিগকে গমন করাইলেন। এই রূপে তিনি ঘৃণাকারিদের ১০
হস্তহইতে তাহাদিগকে ত্রাণ করিলেন, ও শত্রুগণের হস্তহইতে
তাহাদিগকে মুক্ত করিলেন। সমুদ্রের জল তাহাদের বৈরিগণকে ১১

১২ তস্য বাক্যেষু বিশ্বস্য তে জগুস্তৎস্তবং তদা ॥

১৩ বিস্মৃত্য তৎক্রিয়াস্তূর্ণং মন্ত্রণাঞ্চাপ্রতীক্ষ্য তে।

১৪ প্রান্তরে লোভিনো জাতাঃ পর্য্যৈক্ষন্তেশ্বরং মরৌ ॥

১৫ স তেভ্যঃ প্রার্থিতং দত্ত্বা প্রাণেষু প্রাহিণোৎ ক্ষয়ং ॥

১৬ শিবিরাভ্যন্তরে তেষু লোকেষ্বীর্ষ্যৎসু মূসসে।

পরেশার্থং পবিত্রায় হারোণাখ্যনরায় চ।

১৭ মুখং ব্যাদায় জগ্রাস দাথনং মেদিনী স্বয়ং।

অবীরামস্য কৃৎস্নাঞ্চ ছাদয়ামাস মণ্ডলীং ॥

১৮ তেষাং সমাজমধ্যে চ প্রজজ্বাল হুতাশনঃ।

দুর্জনাঃ প্রতিজগ্মুশ্চ শিখাভিস্তস্য দগ্ধতাং ॥

১৯ বৎসং হোরেবি কৃত্বা তে ধাতুমূর্ত্তিমপূজয়ন্ ॥

২০ তৃণাশিনশ্চ গো মূর্ত্ত্যা যশোভাং পর্য্যবর্ত্তয়ন্ ॥

২১ তে স্বীয়ত্রাণদাতারম্ ঈশ্বরং তং বিসস্মরুঃ।

---

১২ আচ্ছন্ন করিল, এক জনও অবশিষ্ট রহিল না। তখন তাহারা তাঁহার বাক্যে বিশ্বাস করিয়া তাঁহার প্রশংসার গান করিতে লাগিল।

১৩ পরে তাহারা ত্বরায় তাঁহার কর্ম্ম বিস্মৃত হইল, ও তাঁহার

১৪ উপদেশের অপেক্ষা করিল না। তাহারা প্রান্তরের মধ্যে অত্যন্ত

১৫ কুলোভ করিল, ও নির্জন স্থানে ঈশ্বরের পরীক্ষা লইল। তিনি তাহাদের প্রার্থিত তাহাদিগকে দিলেন, কিন্তু তাহাদের মনে

১৬ ক্ষীণতা প্রেরণ করিলেন। তাহারা শিবিরের মধ্যে মূসাকে ও

১৭ পরমেশ্বরের পবিত্রীকৃত হারোণকে ঈর্ষ্যা করিতে লাগিল। তাহাতে পৃথিবী বিদীর্ণ হইয়া দাথন্‌কে গ্রাস করিল ও অবীরামের দলকে

১৮ আচ্ছাদন করিল; এবং তাহাদের দলের মধ্যে অগ্নি প্রজ্বলিত

১৯ হইলে তাহার শিখাদ্বারা দুষ্টগণ দগ্ধ হইল। তাহারা হোরেব্ পর্ব্বতে ছাঁচে ঢালা গোবৎসাকৃতি এক প্রতিমা নির্ম্মাণ করিয়া

২০ তাহার পূজা করিল; এবং তৃণখাদক গোবৎসের প্রতিমার মূল্য-

২১ রূপে আপনাদের গৌরবকে ত্যাগ করিল; এবং মিসরদেশে মহৎ

যেন মহান্তি কর্ম্মাণি মিসর্দেশে চক্রিরে।
হামদেশে চ চিত্রাণি সূফাব্ধৌ ভীষণানি চ ॥ ২২
অতস্তান্ নাশয়িষ্যামি বাক্যমেতৎ স উক্তবান্। ২৩
কিন্তু তস্য প্রিয়ো মূসাশ্ছিদ্রে স্থিত্বা তদগ্রতঃ।
তৎকোপং শময়িত্বা চ তং বিনাশং ন্যবারয়ৎ ॥
রম্যদেশে বিরক্তাস্তে তদ্বাক্যে ব্যশ্বসন্ নহি ॥ ২৪
অপবদ্য স্বদূষ্যেষু প্রভোরাজ্ঞাং ন শুশ্রুবুঃ ॥ ২৫
তদানীমূর্দ্ধ্ববাহুঃ স ইত্থং শেপে হি তানধি। ২৬
অহং নিপাতয়িষ্যামি জনান্ এতান্ মরুস্থলে ॥
জাতীনাং মধ্য এতেষাং পাতয়িষ্যামি বংশজান্। ২৭
সকলেষ্বেব দেশেষু বিকরীষ্যামি তানহং ॥
তৈ র্বাল্পিয়োরনালম্ব্য প্রেতযজ্ঞান্ উপাশ্য চ। ২৮
স্বকার্য্যৈঃ কোপিতে তস্মিন্ মরকস্তান্ সমাক্রমীৎ ॥ ২৯

কর্ম্মকারি ও হাম্ দেশে আশ্চর্য্য কর্ম্মকারি ও সূফ্ সাগরে ভয়া- ২২
নক কর্ম্মকারি আপনাদের ত্রাণকর্ত্তা ঈশ্বরকে বিস্মৃত হইল।
তাঁহার মনোনীত মূসা যদি তাঁহার কোপ সম্বরণ করাইতে ও ২৩
বিনাশ নিবারণ করাইতে তাঁহার সাক্ষাতে ভগ্ন বেড়ার দ্বারে
না দাঁড়াইত, তবে তিনি যে রূপ কহিয়াছিলেন, তদ্রূপ তাহা-
দিগকে সংহার করিতেন। পরে তাহারা রম্য দেশ তুচ্ছ করিয়া ২৪
তাঁহার কথাতে বিশ্বাস করিল না। এবং আপন২ তাম্বুর মধ্যে ২৫
বচসা করিয়া পরমেশ্বরের বাক্যে মনোযোগ করিল না। অতএব ২৬
তিনি তাহাদিগকে প্রান্তরে পতন করাইতে, ও তাহাদের সন্তা- ২৭
নদিগকে অন্য জাতীয়দের মধ্যে পতন করাইতে, ও নানা দেশে
ছিন্ন ভিন্ন করিতে আপনার হস্ত তুলিয়া তাহাদের প্রতিকূলে
শপথ করিলেন। পরে তাহারা বাল্পিয়োরের মতাবলম্বী হইয়া ২৮
মৃত লোকের প্রাদ্ধে ভোজন করিল। এই রূপ কদাচরণেতে ২৯
তাঁহাকে বিরক্ত করিল, এই জন্যে তাহাদের মধ্যে মহামারী উপ-

৩০ পীনিহসেন তুথায় দণ্ডিতে ব্যাধিপৎ ॥
৩১ তৎ তস্মৈ গণিতং পুণ্যম্ অনন্তং সর্বলৌকং ॥
৩২ মিরীবানামতোয়েষু পুমন্তৈঃ কোপিতে প্রভৌ।
তেষামেব কৃতেঽনিষ্টং মূসসং প্রত্যবর্ত্তত ॥
৩৩ যস্মাৎ স তৈ র্বিরক্তাত্মা যোষ্ঠাভ্যাং সহসালপৎ ॥
৩৪ নির্দ্দিষ্টান্ পরমেশেন মানবান্ ন বিনাশ্য তে।
৩৫ মিশ্রিতা ভিন্নজাতীয়ৈঃ ক্রিয়াস্তেষাং শিশিক্ষিরে ॥
৩৬ বিগ্রহাংশ্চার্চ্চয়ংস্তেষাং স্বকীয়োন্মাথবন্ধনান্ ॥
৩৭ তে স্বপুত্রান্ স্বপুত্রীশ্চ দেবেভ্যো বলিবদ্দদুঃ ॥
৩৮ ইত্থং নিরপরাধানাং তৈরপাত্যত শোণিতং।
শোণিতং পুত্রপুত্রীণাং কিনানীয়সুরান্ প্রতি।
বলিবৎ তৈঃ প্রদত্তানাং দেশশ্চাদুষ্যতাসৃজা ॥
৩৯ দুষ্কৃতৈস্তেষু লিপ্তেষু ভ্রষ্টেষু চ স্বকর্মভিঃ।

---

৩০ স্থিত হইল। কিন্তু পীনিহস দণ্ডায়মান হইয়া উচিত বিচার করিলে
৩১ সেই মহামারী নিবৃত্ত হইল। তন্নিমিত্তে ঐ কর্ম্ম পুরুষানুক্রমে
৩২ সদাকাল পর্য্যন্ত তাহার পুণ্যরূপে গণিত হইল। তাহারা মিরীবার
জলে তাঁহার ক্রোধ প্রজ্বলিত করিলে তাহাদের দ্বারা মূসার মন্দ
৩৩ হইল। কেননা তাহারা তাহার আত্মাকে বিরক্ত করিলে সে আপন
ওষ্ঠাধরে অনুচিত কথা কহিল।
৩৪ যে জাতিদের বিষয়ে পরমেশ্বর তাহাদিগকে আজ্ঞা দিয়াছিলেন,
৩৫ তাহারা তাহাদিগকে বিনষ্ট করিল না; কিন্তু অন্যজাতীয়দের সহিত
৩৬ মিশ্রিত হইয়া তাহাদের কর্ম্ম শিক্ষা করিতে লাগিল; এবং তাহা-
দের প্রতিমা সেবা করিলে সেই কর্ম্ম তাহাদের ফাঁদস্বরূপ হইল।
৩৭ তাহারা আপন ২ পুত্র কন্যাগণকে দেবতাদের উদ্দেশে বলিদান
৩৮ করিল, এবং নির্দ্দোষদের রক্ত অর্থাৎ কিনানীয় দেবতাদের উদ্দেশে
বলীকৃত আপনাদের পুত্রকন্যাদের রক্ত পাত করিল; তাহাতে
৩৯ সেই রক্তদ্বারা দেশ অপবিত্র হইল। এবং তাহারাও সেই কর্ম্মে

প্রাজ্বলৎ পরমেশস্য কোপাগ্নিঃ স্বপ্রজাঃ প্রতি। ৪০
স্বকীয়বিষয়ে তস্য গর্হণঞ্চোদপদ্যত ॥
তস্মাৎ তে ভিন্নজাতীনাং হস্তে তেন সমর্পিতাঃ। ৪১
তেষামরাতয়স্তেষাম্ আধিপত্যমকুর্ব্বত॥
পীড়িতা বৈরিভিস্তেষাং পাণিভারেণ চানতাঃ। ৪২
তে লোকাঃ পরমেশেন বহুকৃত্বো ররক্ষিরে। ৪৩
পশ্চাৎ তং ক্রোধয়ামাসু র্নিজমন্ত্রণয়া স্বয়ং।
ইত্থং স্বীয়াপরাধেন দুর্দ্দশাং লেভিরে পুনঃ॥
শ্রুত্বা তেষাং বিলাপন্তু স তান্ ক্লিষ্টান্ নিরৈক্ষত॥ ৪৪
স্বকীয়ং নিয়মঞ্চাপি তেষাং ক্ষেমার্থমস্মরৎ। ৪৫
নিজানুগ্রহবাহুল্যাৎ স্বয়ং তাংশ্চানুকম্পত॥
যৈস্তে বন্দীকৃতাস্তেষাং কৃপাপাত্রং চকার তান্॥ ৪৬
প্রভো পরেশ্বরাস্মাকং ত্বং নস্ত্রাণং বিধেহি হি। ৪৭

অশুচি ও কদাচারেতে ব্যভিচারী হইল। তাহাতে আপন লো- ৪০
কদের প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি আপন
অধিকারকে ঘৃণা করিলেন। এবং তাহাদিগকে অন্যজাতীয়দের ৪১
হস্তে সমর্পণ করিলেন, তাহাতে রিপুগণ তাহাদের উপরে কর্ত্তৃত্ব
করিল। এবং শত্রুগণ তাহাদের প্রতি উপদ্রব করিলে তাহারা ৪২
তাহাদের হস্তের বশতাপন্ন হইল। তিনি তাহাদিগকে অনেক ৪৩
বার উদ্ধার করিলেন, কিন্তু তাহারা আপন২ পরামর্শদ্বারা তাঁ-
হাকে ক্রোধান্বিত করিয়া আপনাদের দোষে দীনহীন হইল।
তথাচ তিনি তাহাদের প্রার্থনা শুনিবামাত্র তাহাদের দুঃখের প্রতি ৪৪
কৃপাদৃষ্টি করিলেন; এবং তাহাদের মঙ্গলার্থে আপনার নিয়ম ৪৫
স্মরণ করিলেন, ও নিজ অনুগ্রহের বাহুল্যানুসারে তাহাদিগকে
দয়া করিলেন; এবং যাহারা তাহাদিগকে বান্ধ করিয়াছিল, ৪৬
তাহাদের কৃপাপাত্র তাহাদিগকে করিলেন।
হে আমাদের প্রভো পরমেশ্বর, আমরা যেন তোমার পবিত্র ৪৭

অন্যজাতীয়লোকানাং মধ্যাস্মান্ সঙ্গৃহাণ চ।
তদানীং স্তোষ্যতেঽস্মাভিঃ পবিত্রং তব নাম চ।
স্তবানাং তাবকীনানাং শ্লাঘা চ প্রকরিষ্যতে॥

৪৮ অনাদিকালতোঽনন্তং কালং যাবদনুক্ষণং।
ধন্যো ভূয়াৎ পরেশঃ স ইস্রায়েলীয় ঈশ্বরঃ।
প্রজাঃ সর্ব্বা বদন্ত্বামেন্ যূয়ং স্তুত পরেশ্বরং॥

১০৭ সপ্তশততমং গীতং।

১ ভ্রমিণঃ ১০ বন্দিনঃ ১৭ দুঃখিনঃ ২৩ পোতীয়ান্ ৩৩ জনন্যজনাংশ্চ প্রতীশ্বরানুগ্রহস্য বর্ণনং।

১ প্রশংসা পরমেশস্য যুষ্মাভিঃ সম্প্রকীর্ত্ত্যতাং।
যতো হেতোঃ স সদ্ভাবঃ কৃপা তস্য চ শাশ্বতী॥
২ ইত্থং ব্রুয়ুঃ পরেশেন মোচিতাঃ সর্ব্বমানবাঃ।
দ্বেষিণামেব হস্তেভ্যস্তেন যে প্রতিমোচিতাঃ।
৩ সঙ্গৃহীতাশ্চ দেশেভ্যঃ প্রাক্প্রত্যগুত্তরার্ণবাৎ॥

নামের ধন্যবাদ ও তোমার প্রশংসাতে শ্লাঘা করি, তন্নিমিত্তে আমাদিগকে ত্রাণ কর ও অন্যজাতীয়দের মধ্যহইতে সংগ্রহ কর।
৪৮ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর আদ্যন্ত পর্য্যন্ত ধন্য হউন; 'এমনি হউক,' এ কথা সকল লোক বলুক। পরমেশ্বরের ধন্যবাদ কর।

১০৭ গীত।

১ ভ্রমণকারি, ১০ ও বন্দি, ১৭ ও দুঃখগ্রস্ত, ২৩ ও জাহাজীয়, ৩৩ ও অন্যান্য লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহের বর্ণনা।

১ পরমেশ্বরের প্রশংসা কর, কেননা তিনি মঙ্গলদাতা ও তাঁহার ২ অনুগ্রহ নিত্যস্থায়ী। পরমেশ্বরের মুক্ত লোকেরা অর্থাৎ তিনি ৩ যাহাদিগকে শত্রুদের হস্তহইতে মুক্ত করিয়া পূর্ব্ব ও পশ্চিম ও উত্তর ও দক্ষিণ এই চারিদিকস্থ দেশদেশান্তরহইতে সংগ্রহ করি-

অভ্রাম্যংস্তে মরুস্থানে প্রান্তরে মার্গবর্জিতে। ৪
নগরং কিঞ্চন প্রাপ্তুং নরনৈবিতমক্ষমাঃ।
তে ক্ষুধার্ত্তাস্তৃষার্ত্তাশ্চাভবন্ মূর্চ্ছিতচেতসঃ॥ ৫
তস্মিন্নেব বিপৎকালে তে পরেশমনাহ্বয়ন। ৬
তেষাং ক্লেশেভ্য উদ্ধারং ত্বা তেন বিধায় হি।
ঋজুমার্গেণ নীতাস্তে প্রাপু র্লোকালয়ং পুনঃ॥ ৭
পরমেশ্বরমুদ্দিশ্য তে প্রশংসন্তু তৎকৃপাং। ৮
সমক্ষং নরবংশানাং তৎকর্ম্মাণ্যদ্ভুতানি চ॥
যতঃ স তর্পয়ামাস প্রাণান্ তৃষ্ণাবসীদতঃ। ৯
অসূন্ ক্ষুৎপীড়িতান্ দ্রব্যৈস্তোষয়ামাস চোত্তমৈঃ॥
অন্ধকারমৃতিচ্ছায়ে আশ্রিতাঃ কেঽপি মানবাঃ। ১০
নিবদ্ধা দুঃখলৌহাভ্যাং সমবর্ত্তন্ত বন্দিবৎ॥
যস্মাদ্ ঈশ্বরবাক্যানাং তে বভূবু র্বিরোধিনঃ। ১১
তথা সর্ব্বোপরিস্থস্য মন্ত্রণামবমেনিরে।

লেন, তাহারা এই রূপ বলুক। তাহারা লোকালয় না পাইয়া ৪
প্রান্তরমধ্যে ও নির্জ্জন পথে ভ্রমণ করিল; এবং ক্ষুধার্ত্ত ও তৃষ্ণার্ত্ত ৫
হইলে তাহাদের প্রাণ মূর্চ্ছাপন্ন হইল। এমত বিপদের সময়ে ৬
তাহারা পরমেশ্বরের প্রতি কাকুক্তি করিলে তিনি তাহাদিগকে
কষ্টহইতে ত্রাণ করিলেন; এবং এক লোকালয়ে লইয়া যাইবার ৭
নিমিত্তে তাহাদিগকে সরল পথে গমন করাইলেন। অতএব ৮
তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার
আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করুক। তিনি ক্ষীণ ৯
ব্যক্তিকে আপ্যায়িত করেন, ও ক্ষুধিত ব্যক্তিকে উত্তম দ্রব্যে
তৃপ্ত করেন।

কোন লোকেরা লৌহশৃঙ্খলে ও দুঃখে বদ্ধ হইয়া অন্ধকারে ১০
ও মৃত্যুচ্ছায়াতে বসিয়া আছে। কেননা তাহারা ঈশ্বরের বাক্য ১১

১২ তস্মাৎ স নময়ামাস ক্লেশৈস্তেষাং মনাংসি হি।
তদা তে স্খলনং প্রাপুঃ কোঽপি নোপচকার তান্॥

১৩ তস্মিন্নেব বিপৎকালে তে পরেশমাহ্বয়ন্।
তেষাং ক্লেশেভ্য উদ্ধারং তদা তেন বিধায় হি।

১৪ মৃত্যুচ্ছায়ান্ধকারাভ্যাং তে মনুষ্যা বহিষ্কৃতাঃ।
অপচ্ছিন্নানি তেষাঞ্চ সর্বাণি বন্ধনান্যপি॥

১৫ পরমেশ্বরমুদ্দিশ্য তে প্রশংসন্তু তৎকৃপাং।
সমক্ষং নরবংশানাং তৎকর্ম্মাণ্যদ্ভুতানি চ॥

১৬ যস্মাৎ তাম্রকপাটানি তেনৈব প্রবভঞ্জিরে।
তদ্বদ্ বিভিদিরে তেন লৌহিকান্যর্গলান্যপি॥

১৭ স্বপাপাচরণেনাজ্ঞা যে ক্লিশ্যন্তে স্বপাতকৈঃ।

১৮ গর্হন্তে সর্বভক্ষ্যং তে মৃত্যুদ্বারং স্পৃশন্তি চ॥

১৯ তস্মিন্নেব বিপৎকালে পরেশঞ্চাহ্বয়ন্তি তে।
তেষাং ক্লেশেভ্য উদ্ধারং তদানীং বিদধাতি সঃ॥

---

১২ অগ্রাহ্য করিল ও সর্ব্বোপরিস্থের পরামর্শ তুচ্ছ করিল। তিনি তাহাদের মনকে ক্লেশেতে নত করেন, তাহাতে তাহারা পতিত
১৩ হইলে কেহ তাহাদের উপকারী হয় না। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকুক্তি করিলে তিনি তাহাদিগকে
১৪ কষ্টহইতে ত্রাণ করেন; এবং তাহাদের বন্ধন ছেদন করিয়া
১৫ তাহাদিগকে অন্ধকার ও মৃত্যুচ্ছায়াহইতে আনেন। অতএব তাহারা পরমেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য
১৬ কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করুক। তিনি পিত্তলের কবাট ভগ্ন করেন ও লৌহময় হুড়কা ছেদন করেন।

১৭ অজ্ঞান লোকেরা আপন২ পাপকর্ম্ম ও দোষের নিমিত্তে ক্লেশ
১৮ পায়। কোন খাদ্য সামগ্রীতে তাহাদের রুচি হয় না; তাহারা
১৯ মৃত্যুদ্বারের নিকটে উপস্থিত হয়। এমত বিপদের সময়ে তাহারা পরমেশ্বরের কাছে কাকুক্তি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে

স্ববচঃ প্রেষ্য তান্ স্বস্থান্ কৃত্বা নাশাচ্চ রক্ষতি ॥ ২০
পরমেশ্বরমুদ্দিশ্য তে প্রশংসন্তু তৎকৃপাং। ২১
সমক্ষং নরবংশানাং তৎকর্ম্মাণ্যদ্ভুতানি চ ॥
প্রশংসার্থবলীন্ দত্ত্বা চানুতিষ্ঠন্তু যাজনং। ২২
উল্লাসেন চ কুর্ব্বন্তু ক্রিয়াণাং তস্য বর্ণনাং ॥
পোতৈর্ যে সাগরং যান্তি জলধৌ কর্ম্মকারিণঃ। ২৩
পরমেশস্য কর্ম্মাণি বীক্ষিতুং প্রাপ্নুবন্তি তে। ২৪
তস্যাশ্চর্য্যক্রিয়া এব সুগম্ভীরে মহোদধৌ ॥
তদ্বাক্যাদ্ বাত্যয়োৎপন্ন প্রোৎক্ষিপ্তেষু জলোর্ম্মিষু। ২৫
নভ আরোহতাং তেষাম্ অগাধে চাবরোহতাং। ২৬
প্রাণা এব বিলীয়ন্তে যথা আপৎসরিৎপতৌ ॥
নৃত্যন্তস্তে চলন্তশ্চ মত্তবৎ হতবুদ্ধয়ঃ। ২৭
তস্মিন্নেব বিপৎকালে আহ্বয়ন্তি পরেশ্বরং। ২৮
তেষাং ক্লেশেভ্য উদ্ধারং তদানীং বিদধাতি সঃ ॥

ত্রাণ করেন। এবং আপনার বাক্য প্রেরণ করিয়া তাহাদিগকে ২০ সুস্থ করিয়া বিনাশহইতে নিস্তার করেন। অতএব তাহারা পর- ২১ মেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রশংসা করুক; এবং প্রশংসারূপ বলি উৎসর্গ ২২ করিয়া আনন্দধ্বনিতে তাঁহার কর্ম্মের বর্ণনা করুক।

যে লোকেরা সমুদ্রের মধ্যে জাহাজে গমনাগমন করে ও জল- ২৩ সমূহের মধ্যে ব্যবসায় করে, তাহারা গভীর জলে পরমেশ্বরের ২৪ কর্ম্ম ও আশ্চর্য্য ক্রিয়া দেখিতে পায়। তিনি আজ্ঞা দিলে প্রচণ্ড ২৫ বায়ু উপস্থিত হইয়া তরঙ্গ উঠায়। তাহাতে তাহারা কখন ২৬ আকাশে উঠে ও কখন গভীর জলে নামে; এই বিপদে তাহাদের প্রাণ গলিত হয়। তাহারা মত্ত মনুষ্যের ন্যায় হেলিয়া দুলিয়া ২৭ টলিয়া পড়ে ও হতবুদ্ধি হয়। এমত বিপদের সময়ে তাহারা ২৮ পরমেশ্বরের কাছে কাকুতি করিলে তিনি তাহাদিগকে কষ্টহইতে

২৯ বায়ৌ প্রশমিতে তেন তরঙ্গা বিরমন্তি চ ॥
৩০ তে তু হৃষ্যন্তি বিশ্রামাৎ নীয়ন্তে চেষ্টমাশ্রয়ং ॥
৩১ পরমেশ্বরমুদ্দিশ্য তে প্রশংসন্তু তৎকৃপাং।
সমক্ষং নরবংশানাং তৎকর্ম্মাণ্যদ্ভুতানি চ ॥
৩২ প্রজানাঞ্চ সমাজেঽপি তৎস্তবং বর্ণয়ন্তু তে।
অধ্যক্ষাণাং সভায়াঞ্চ তস্য কুর্বন্তু বন্দনাং ॥
৩৩ স নদীঃ প্রান্তরং কুর্য্যাৎ নির্ঝরাংশ্চ মরুস্থলং।
৩৪ উর্ব্বরাং ভূমিমূষঞ্চ দৌর্জন্যাৎ তন্নিবাসিনাং ॥
৩৫ প্রান্তরঞ্চ সরঃ কুর্য্যাৎ মরুভূমিঞ্চ নির্ঝরান্ ॥
৩৬ বাসিতাস্তেন দীনাশ্চ তত্র নির্ম্মিমতে পুরীং ॥
৩৭ উপ্ত্বা ক্ষেত্রেষু বীজানি দ্রাক্ষাবল্লীঃ প্ররোপ্য চ।
ভূমিজাতানি ভূরীণি ফলান্যুৎপাদয়ন্তি তে ॥
৩৮ আশীর্বাদে কৃতে তেন বর্দ্ধন্তেঽতীব তে নরাঃ।
তেষাং পশ্বাদিমূল্যানি নহি ন্যূনীকরোতি সঃ ॥

---

২৯ আনয়ন করেন; এবং ঝড়কে নির্ব্বাত করিয়া তরঙ্গ শান্ত করেন।
৩০ তাহাতে তাহারা শান্তি পাইয়া পরমানন্দিত হয়; এই রূপে তিনি
৩১ তাহাদিগকে বাঞ্ছিত স্থলে লইয়া যান। অতএব তাহারা পর-
মেশ্বরের অনুগ্রহের ও মনুষ্যগণের প্রতি তাঁহার আশ্চর্য্য কর্ম্মের
৩২ নিমিত্তে তাঁহার প্রশংসা করুক; এবং লোকদের সমাজে তাঁহার
প্রতিষ্ঠা করুক, ও প্রাচীনদের সভাতে তাঁহার ধন্যবাদ করুক।
৩৩ তিনি নদীকে প্রান্তর ও জলের উনূইকে শুষ্ক ভূমি করেন;
৩৪ এবং নিবাসিদের দুষ্টতাচরণের নিমিত্তে উর্ব্বরা ভূমিকে লোণা
৩৫ করেন; এবং প্রান্তরকে জলাশয় ও মরুভূমিকে উনূই করেন;
৩৬ এবং সেখানে ক্ষুধিত লোকদিগকে বাস করান; তাহাতে
৩৭ তাহারা লোকালয় প্রস্তুত করে, এবং ক্ষেত্রে বীজ বপন ও
৩৮ দ্রাক্ষালতা রোপণ করিয়া বহু ফল উৎপন্ন করে। তিনি তাহা-
দিগকে আশীর্ব্বাদ করেন, তাহাতে তাহারা বর্দ্ধিষ্ণু হয়, ও

২ নেবল্‌যন্ত্র প্রবুধ্যস্ব হে বীণে ত্বঞ্চ জাগৃহি।
অহং প্রজাগরিষ্যামি হ্যরুণোদয়তঃ পুরা ॥

৩ পরেশ লোকমধ্যেঽহং কীর্ত্তয়িষ্যামি তে স্তবং।
প্রশংসিষ্যামি তে নাম জাতীনামেব মধ্যতঃ ॥

৪ যতঃ স্বর্গোপরিষ্টাদ্ধি বিস্তীর্ণাস্তি কৃপা তব।
ত্বদীয়া সত্যতা তদ্বৎ স্পৃশতি ব্যোমমণ্ডলং ॥

৫ স্বর্গে প্রকাশতামীশ তাবকীনা সমুন্নতিঃ।
মেদিন্যা অপি সর্ব্বত্র কীর্ত্ত্যতাং মহিমা তব ॥

৬ যথা তব প্রিয়া লোকাঃ পরিরক্ষণমাপ্নুয়ুঃ।
তদর্থং ত্বং স্বহস্তেন ত্রাত্বা দেহি ম উত্তরং ॥

৭ স্বপবিত্রতয়াবাদীৎ ঈশস্তেনোল্লসাম্যহং।
শিখিমং তু বিভক্ষ্যামি মাস্যে সুক্কোতপ্রান্তরং ॥

৮ মদীয়ো গিলিয়াদোঽস্তি মিনশিশ্চ মদীয়কঃ।
ইফ্রয়িমঃ শিরস্ত্রং মে যিহূদা বিধিদায়কঃ ॥

৯ মোয়াবো জলপাত্রং মে ক্ষালনস্যোপকারকং।

---

২ সহিত প্রশংসা করিব। হে নেবল্‌ যন্ত্র ও বীণে, জাগ্রৎ হও,
৩ আমিও অরুণের পূর্ব্বে জাগ্রৎ হইব। হে পরমেশ্বর, আমি লোক-
দের মধ্যে তোমার প্রশংসা করিব, ও দেশীয়দের মধ্যে তোমার
৪ নাম গান করিব। কেননা তোমার অনুগ্রহ আকাশ অপেক্ষা
৫ উচ্চ, ও তোমার যথার্থতা মেঘ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। হে ঈশ্বর,
স্বর্গে তোমার উন্নতি ও তাবৎ ভূমণ্ডলে তোমার মহিমা প্রকাশিত
৬ হউক। তোমার প্রিয় লোকেরা যেন উদ্ধার পায়, এই জন্যে
৭ নিজ দক্ষিণ হস্তদ্বারা আমাকে ত্রাণ করিয়া উত্তর দেও। ঈশ্বর
আপন পবিত্রতাতে কথা কহিলেন, অতএব আমি আনন্দিত
হইয়া শিখিম্‌ দেশ বিভাগ করিব, ও সুক্কোতের নিম্ন ভূমি মাপ
৮ করিব। গিলিয়দ্‌ দেশ আমার, ও মিনশি আমার, এবং ইফ্রয়িম্‌
৯ আমার মস্তকের বলস্বরূপ ও যিহুদা আমার ব্যবস্থাপক। মোয়াব

ইদোমস্যোপরি স্বীয়াং পাদুকাং প্রক্ষিপাম্যহং।
পিলেষ্টীয়াখ্যদেশে চ প্রকরোমি জয়ধ্বনিং॥
সুদৃঢ়ং নগরং নীত্বা কো মাং তৎ প্রাপয়িষ্যতি। ১০
ক ইদোমপুরং যাবন্মার্গং মাং দর্শয়িষ্যতি॥
ঈশাস্মান্ ত্যক্তবান্ যস্ত্বং ত্বং কিং তন্ন করিষ্যসি। ১১
ঈশ ত্বং বাহিনীনাং নো মধ্যে কিং ন গমিষ্যসি॥
অস্মান্ ক্লেশত উদ্ধর্ত্তুম্ উপকারং বিধেহি নঃ। ১২
উপকারো মনুষ্যেণ কৃতো নিষ্ফল এব হি॥
ঈশ্বরেণৈব বীরত্বম্ বয়মাচরিতুং ক্ষমাঃ। ১৩
স এবাস্মদ্বিপক্ষাংশ্চ চরণাভ্যাং বিমর্দ্দিতা॥

আমার প্রক্ষালনপাত্রস্বরূপ; আমি ইদোমের উপরে পাদুকা নিক্ষেপ করি, এবং পিলেষ্টীয় দেশকে জয় করিব।

দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং ইদোমে বা ১০ আমাকে কে প্রবেশ করাইবে? হে ঈশ্বর, আমাদিগকে ত্যাগ ১১ করিয়াছ যে তুমি, তুমি কি তাহা করিবা না? হে ঈশ্বর, তুমি কি আমাদের সৈন্যের সঙ্গে গমন করিবা না? ক্লেশে আমাদের ১২ উপকার কর; মনুষ্যহইতে যে উপকার, সে নিষ্ফল। কিন্তু ঈশ্ব- ১৩ রের দ্বারা আমরা বীরের কর্ম্ম করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে পদতলস্থ করিবেন।

১০৯ নবশততমং গীতং।

১ দুষ্টারীণাং বিরুদ্ধং দায়ূদঃ প্রার্থনা। ২১ পরমেশ্বরাশ্রয়শ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

১　হে মৎপ্রশংসনীয়েশ মা সন্তিষ্ঠস্ব নীরবঃ॥
২　পাপমুখঞ্চ ধূর্ত্তঞ্চ মুখং ব্যাদায় মাং প্রতি।
　　লোকা নিঃসত্যজিহ্বাভিঃ সংলপন্তি ময়া সহ॥
৩　রুন্ধন্তি দ্রোহবাক্যৈর্মাং যুধ্যন্তে চ ময়া মৃষা।
৪　মৎপ্রেমার্থং হি তে মাঞ্চ দ্বিষন্তি প্রার্থনাশ্রিতং॥
৫　উপকারস্য শোধার্থং মেঽপকারঞ্চ কুর্ব্বতে।
　　মম প্রেম্নশ্চ শোধার্থম্ আচরন্তি বিরোধিতাং॥
৬　ঈদৃশস্যোপরি ত্বঞ্চ দুরাত্মানং নিযোজয়।
　　দক্ষিণে তস্য পার্শ্বে চ শৈতান্ সন্তিষ্ঠতাং স্বয়ং॥
৭　বিচারে স ভবেদ্ দোষী প্রার্থনা তস্য চাঘবৎ॥

---

১০৯ গীত।

১ দুষ্ট শত্রুদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা, ২১ ও পরমেশ্বরেতে আশ্রয়।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ হে আমার প্রশংসনীয় ঈশ্বর, তুমি নীরব হইয়া থাকিও না।
২ কেননা দুষ্টগণ ও প্রবঞ্চকেরা আমার বিরুদ্ধে মুখ ব্যাদান করিয়া
৩ মিথ্যাবাদি জিহ্বাদ্বারা আমার সহিত কথা কহিতেছে; এবং ঘৃণা-
বাক্যেতে আমাকে ঘেরিয়া অকারণে আমার সহিত যুদ্ধ করি-
৪ তেছে; এবং আমার প্রেমের পরিবর্ত্তে আমার প্রতি বিপক্ষতা
৫ করিতেছে, কিন্তু আমি প্রার্থনা করিতেছি। তাহারা উপকারের
পরিবর্ত্তে আমার অপকার, ও প্রেমের পরিবর্ত্তে ঘৃণা করে।
৬　তুমি এই ব্যক্তির উপরে দুষ্ট লোককে নিযুক্ত কর, ও শয়তান
৭ তাহার দক্ষিণদিগে থাকুক। এবং বিচার সময়ে সে দোষীকৃত

তস্য ঘস্রা ভবন্ত্বল্পা অন্যশ্চাপ্নোতু তৎপদং॥ ৮
অনাথাঃ সন্তু তদ্বালাস্তৎপত্নী বিধবা ভবেৎ॥ ৯
পর্য্যটন্তঃ সদা ভিক্ষাং যাচন্তাং তস্য পুত্রকাঃ। ১০
স্বোচ্ছিন্নবসতিস্থানে ভক্ষ্যমন্বেষয়ন্তু চ॥
হ্রিয়তামুত্তমর্ণেন তৎসর্ব্বস্বমশেষতঃ। ১১
শ্রমজাতং ফলং তস্য লুণ্ঠয়ন্তু পরা জনাঃ॥
অনুকম্পা ন কেনাপি ক্রিয়তাং তং নরং প্রতি। ১২
তদীয়ানাথপুত্রেষু সদয়ঃ কোঽপি মা ভবেৎ॥
ফলং পারত্রিকং তস্য ভবেদুচ্ছিন্নতার্থকং। ১৩
দ্বিতীয়ে পুরুষে তেষাং নাম লোপং প্রগচ্ছতু॥
স্মর্য্যতাং পরমেশেন তস্য পৈতৃকপাতকং। ১৪
তস্য মাতৃকপাপঞ্চ লুপ্ততাং নহি গচ্ছতু॥
পরমেশস্য সাক্ষাৎ তৎ সর্ব্বদোপস্থিতং ভবেৎ। ১৫
ভবেদুৎপাটিতং তেষাং স্মরণং ধরণীতলাৎ॥

হউক, ও তাহার প্রার্থনা পাপরূপে গণিত হউক। এবং তাহার ৮ দিন অল্প হউক, ও অন্য ব্যক্তি তাহার অধ্যক্ষপদ প্রাপ্ত হউক। এবং তাহার পুত্রগণ পিতৃহীন ও তাহার স্ত্রী বিধবা হউক। ৯ তাহার সন্তানগণ ভ্রমণ করিয়া নিত্য২ ভিক্ষা করুক ও আপ- ১০ নাদের উচ্ছিন্ন বাসস্থানে খাদ্য অন্বেষণ করুক। মহাজন তাহার ১১ সর্ব্বস্ব গ্রহণ করুক, এবং অপরিচিত লোকেরা তাহার পরিশ্রমের ফল অপহরণ করুক। তাহার প্রতি কেহ দয়া না করুক, ও তা- ১২ হার পিতৃহীন সন্তানদিগের প্রতি কেহ কৃপা না করুক। এবং ১৩ তাহার অপেক্ষিত উচ্ছিন্ন হউক, ও ভাবিপুরুষের সময়ে তাহা- দের নাম লুপ্ত হউক। তাহার পিতৃলোকদের অপরাধ পর- ১৪ মেশ্বরের স্মরণে থাকুক, ও তাহার মাতার পাপ লুপ্ত না হউক। তাহা সর্ব্বদা ঈশ্বরের চক্ষুর্গোচরে থাকুক, ও তাহাদের স্মরণ ১৫

১৬ যতো হেতোঃ কৃপাং কর্ত্তুং ন সংস্মৃত্যানুধাবিতঃ।
তেন দীনো দরিদ্রশ্চ ক্ষুণ্ণাত্মা চ বধৈষিণা॥

১৭ সমপ্রীয়ত শাপে স আক্রমীচ্চ স এব তং।
আশী র্ন রুরুচে তস্মৈ তস্মাদ্দূরং গতা চ সা॥

১৮ যোঽভিশাপঃ সদা তেন পর্য্যধীয়ত বস্ত্রবৎ।
তস্যান্তস্তোয়বৎ ব্যাপ্নোৎ তস্যাস্থীনি চ তৈলবৎ॥

১৯ পরিধেয়ং যথা তস্য বসনং স তথা ভবেৎ।
যথা বা শৃঙ্খলং নিত্যং কট্যাং বদ্ধং তথা ভবেৎ॥

২০ যে মাং বিষন্তি মৎপ্রাণান্ হন্তুং দুষ্টং বদন্তি চ।
ইদমেব ফলং সর্ব্বে তে প্রাপ্স্যন্তি পরেশ্বরাৎ॥

২১ প্রভো পরেশ মহ্যং ত্বং স্বনাম্নঃ কৃতে আচর।
উত্তমং তব কারুণ্যম্ অতস্ত্বং মাং সমুদ্ধর॥

২২ দীনোঽহং দুর্গতশ্চাস্মি হৃচ্চ বিদ্ধং মমান্তরে॥

২৩ দীর্ঘচ্ছায়াবদত্যেমি প্রচাল্যে চ পতঙ্গবৎ॥

---

১৬ পৃথিবীহইতে উৎপাটিত হউক। কেননা সে দয়া করিতে মনে করিত না, কিন্তু দুঃখি ও দরিদ্রের প্রতি দৌরাত্ম্য করিত ও
১৭ ভগ্নান্তঃকরণের বধে উদ্যত হইত। সে যে অভিশাপ ভাল বাসিত, তাহা তাহার প্রতি ঘটিল; এবং যে আশীর্ব্বাদে অসন্তুষ্ট ছিল,
১৮ তাহা তাহাহইতে দূর হইল। সে যে অভিশাপকে বস্ত্রের ন্যায় পরিধান করিত, তাহা তাহার অন্তরে জলের ন্যায় ও অস্থিতে
১৯ তৈলের ন্যায় প্রবিষ্ট হইল। এবং তাহার পরিধেয় বস্ত্রের ন্যায়
২০ ও নিত্য কটিবন্ধ পটুকার ন্যায় হইল। আমার রিপুগণ ও আমার প্রাণ হিংসা করিতে কুমন্ত্রণাকারিরা পরমেশ্বরহইতে ঐ ফল পায়।
২১ হে প্রভো পরমেশ্বর, তুমি নিজ নামের গুণে আমার সহিত ব্যবহার কর; তোমার অনুগ্রহ উত্তম, আমাকে উদ্ধার কর।
২২ আমি দুঃখী ও দরিদ্র, আমার অন্তরস্থ হৃদয় বিদ্ধ হইতেছে।
২৩ আমি অপরাহ্নের ছায়ার ন্যায় ক্ষীণ, ও পতঙ্গপালের ন্যায় চালিত

মজ্জাশূন্যপবাসেন স্থৈর্যমাং সমুদ্যতে। ২৪
তৈলাভাবেন মে মাংসং মলিনত্বং প্রগচ্ছতি॥
মনুষ্যাণাং সমীপে চ নিন্দনীয়ো ভবাম্যহং। ২৫
সর্ব্বে নিরীক্ষমাণা মাং চালয়ন্তি শিরাংসি হি॥
মৎপ্রভো পরমেশ ত্বম্ উপকারং কুরুষ্ব মে। ২৬
ত্বকারুণ্যানুসারেণ মম ত্রাণং বিধেহি চ॥
তে হ্যত্র জানন্তু হস্তং তে ত্বৎক্রিয়াঞ্চ পরেশ্বর॥ ২৭
তৈ র্যদা দীয়তে শাপস্তদাশী র্দীয়তাং ত্বয়া। ২৮
যদোত্তিষ্ঠন্তি তে লোকাস্তদা লজ্জাং প্রযান্তু তে।
কিন্তু ত্বদীয়দাসোঽয়ং হর্ষমেবাধিগচ্ছতু॥
বস্ত্রেণেবাপমানেন বেষ্ট্যন্তাং বৈরিণো মম। ২৯
স্বীয়প্রাবারকেণেব প্রচ্ছাদ্যন্তামবজ্ঞয়া॥
পরমেশং স্ববক্ত্রেণ সংস্তোষ্যামিতরামহং। ৩০
লোকারণ্যস্য মধ্যেঽপি করিষ্যে তৎপ্রশংসনং॥

হইতেছি। উপবাসদ্বারা আমার হাঁটু দুর্ব্বল ও তৈলের অভাবে ২৪ আমার মাংস বিকৃত হইতেছে। এবং আমি লোকদের কাছে ২৫ নিন্দাস্পদ হইতেছি, তাহারা আমাকে দেখিয়া মস্তক চালনা করে। অতএব হে আমার প্রভো পরমেশ্বর, আমার উপকার ২৬ কর, নিজ কৃপাতে আমাকে পরিত্রাণ কর। তাহাতে এই তো- ২৭ মার হস্তের কর্ম্ম, ও তুমি পরমেশ্বর এই সকল করিয়াছ, ইহা তাহারা জ্ঞাত হইবে। তাহারা শাপ দিলে তুমি আশীর্ব্বাদ ২৮ করিও; তাহারা উঠিলে লজ্জিত হউক, কিন্তু তোমার সেবক আনন্দিত হউক। আমার রিপুগণ লজ্জারূপ বস্ত্রেতে বস্ত্রাবৃত ও ২৯ উত্তরীয় বস্ত্রের ন্যায় আপনাদের লজ্জাতে আচ্ছাদিত হউক। আমি মুখেতে পরমেশ্বরের অনেক প্রশংসা করিব, ও লোকা- ৩০

৩১ যতো হেতোঃ স দীনস্য দক্ষিণে সমবস্থিতঃ।
প্রাণদণ্ডবিধাতৃভ্যস্তং সমুদ্ধরতি স্বয়ং ॥

---

১১০ দশশততমং গীতং।

খ্রীষ্টস্য রাজ্যযাজকত্বজয়েষু ভবিষ্যদ্বাক্যং।

দায়ূদো ধর্ম্মগীতং।

১ মম প্রভুমিদং বাক্যং বভাষে পরমেশ্বরঃ।
ত্বচ্ছত্রূন্ পাদপীঠং তে যাবন্নহি করোম্যহং।
অবতিষ্ঠস্ব তাবৎ ত্বম্ আসীনো মম দক্ষিণে ॥
২ পরেশো বলদণ্ডং তে সীয়োনাৎ প্রেষয়িষ্যতি।
রাজত্বং নিজশত্রূণাং মধ্যে ত্বঞ্চ করিষ্যসি ॥
৩ ত্বজ্জয়স্য দিনে তুভ্যং স্বয়ন্দত্তাস্তব প্রজাঃ।
ভাস্যন্তি পূতয়া কান্ত্যাকণজাদ্ধিশিরাদপি।
স কুমারসমূহস্ত শিশিরস্তে ভবিষ্যতি ॥

---

৩১ রণের মধ্যে তাঁহার ধন্যবাদ করিব। কারণ তিনি দরিদ্রের দক্ষিণে দণ্ডায়মান হইয়া প্রাণদণ্ডকারিহইতে তাহাকে উদ্ধার করেন।

১১০ গীত।

খ্রীষ্টের রাজ্য ও যাজকত্ব ও জয়ের বিষয়ে ভবিষ্যদ্বাক্য।

দায়ূদের ধর্ম্মগীত।

১ পরমেশ্বর আমার প্রভুকে কহিলেন, আমি যাবৎ তোমার শত্রুগণকে তোমার পাদপীঠ না করি, তাবৎ তুমি আমার দক্ষিণে
২ বৈস। পরমেশ্বর সিয়োনহইতে তোমার পরাক্রমের দণ্ড প্রেরণ
৩ করিবেন, তুমি শত্রুগণের মধ্যে রাজত্ব করিও। তোমার জয়ের দিনে তোমার প্রজাগণ স্বেচ্ছাদত্ত উপহারস্বরূপ হইবে; পবিত্র শোভাযুক্ত তোমার যুবসমূহরূপ শিশির অরুণোদয়ের গর্ভজাত

[illegible] ইতি শেপে [illegible]ঽনুতপ্স্যতে। ৪
[illegible] মল্কীষেদকস্য রীত্যা যাজকস্ত্বং সার্ব্বকালিকঃ ॥
[illegible] পার্শ্বে স প্রভুঃ পর্য্যুপস্থিতঃ। ৫
[illegible] ভূপালান্ চূর্ণয়িষ্যতি স ধ্রুবং ॥
[illegible] বিচারং স বিধাস্যতি। ৬
[illegible] পরিপূরয়ন্।
[illegible] চূর্ণয়িষ্যতি মস্তকান্ ॥
স চ মার্গে [illegible] প্রপাস্যতি। ৭
অতো হেতো শিরস্তেন শির উন্নময়িষ্যতে ॥

---

১১১ একাদশশততমং গীতং।

ইব্রিভাষয়া অক্ষরাদিগীতেন পরমেশ্বরানুগ্রহপ্রশংসনং।

প্রশংসা পরমেশস্য যুষ্মাভিঃ সম্প্রকীর্ত্ত্যতাং ॥ ১
সর্ব্বান্তঃকরণেনাহং ত্বাং স্তোষ্যামি পরেশ্বর।
সরলানাং সমজ্যায়াং মনুষ্যাণাঞ্চ সংসদি ॥
পরমেশস্য কর্ম্মাণি সুমহান্তি ভবন্তি হি। ২

শিশিরাপেক্ষা (সুন্দর) হইবে। 'তুমি মল্কীষেদকের মতানুসারে নিত্য যাজক হইবা,' পরমেশ্বর এই শপথ করিলেন ও তাহার অন্যথা করিবেন না। ৪ তাঁহার দক্ষিণে স্থিত প্রভু আপন ক্রোধের দিনে রাজগণকে চূর্ণ করিবেন। ৫ এবং ভিন্নজাতীয়দের বিচার করিয়া শবেতে দেশ পরিপূর্ণ করিবেন, ও প্রশস্ত রণস্থলে (শত্রুদের) মস্তক চূর্ণ করিবেন। ৬ এবং পথের মধ্যে নদীর জল পান করিবেন, এই কারণ মস্তক উত্তোলন করিবেন। ৭

১১১ গীত।

ইব্রী ভাষাতে অক্ষরাদি গীতদ্বারা ঈশ্বরের প্রশংসা।

পরমেশ্বরের ধন্যবাদ কর: আমি সল্লোকদের সভাতে ও মণ্ডলীতে ১ সর্ব্বান্তঃকরণের সহিত পরমেশ্বরের প্রশংসা করিব। পরমেশ্বরের ২

যাবন্তস্তেষু তুষ্যন্তি তৈস্তান্যালোচিতানি চ ॥

৩ মান্যং শ্লাঘ্যঞ্চ তৎকার্য্যং ধর্ম্মস্তস্য সদা স্থিরঃ ॥

৪ নিজাদ্ভুতক্রিয়াস্তেন স্মরণার্থমনুষ্ঠিতাঃ।
দয়াশীলোঽনুকম্পী চ বিদ্যতে পরমেশ্বরঃ।

৫ স্বভক্তেভ্যোঽন্নদাতা স সদা স্বনিয়মং স্মরন্ ॥

৬ স্বপ্রজা নিজকার্য্যাণাং বিক্রমং স ন্যদর্শয়ৎ।
ভিন্নজাতীয়লোকানাং দেশং তাসু সমার্পয়ৎ ॥

৭ সর্ব্বং তৎকরয়োঃ কর্ম্ম ফলং সত্যবিচারয়োঃ।
শাসনং সকলং তস্য দৃঢ়বিশ্বাসমর্হতি ॥

৮ সর্ব্বকালঞ্চ যাবৎ তৎ সদা তিষ্ঠতি নিশ্চলং।
সত্যত্বসরলত্বাভ্যাং তৎ সর্ব্বং তেন সাধ্যতে ॥

৯ প্রাহিণোচ্চ পরিত্রাণং স স্বকীয়প্রজাঃ প্রতি।
স স্বীয়ং নিয়মঞ্চাপি সর্ব্বকালার্থমাদিশৎ।
নামধেয়ঞ্চ যৎ তস্য পবিত্রং ভীষণঞ্চ তৎ ॥

১০ পরমেশাত্তু যা ভীতিঃ সা প্রজ্ঞায়া উপক্রমঃ।

কর্ম্ম মহৎ, এবং যাহারা তাহাতে সন্তুষ্ট, তাহারা তাহার তত্ত্ব ৩ জানে। তাঁহার কর্ম্ম প্রশংসনীয় ও আদরণীয় এবং তাঁহার ধর্ম্ম ৪ নিত্যস্থায়ী। তিনি আপনার আশ্চর্য্য ক্রিয়া স্মরণ করান; পর- ৫ মেশ্বর দয়ালু ও কৃপাময়। তিনি আপন ভয়কারি লোকদিগকে ৬ আহার দেন, এবং আপনার নিয়ম সর্ব্বদা মনে রাখেন। তিনি অন্যজাতীয়দের অধিকার আপন লোকদিগকে দিতে তাহাদের ৭ প্রতি আপনার ক্রিয়ার বিক্রম প্রকাশ করিয়াছেন। তাঁহার হস্তের ৮ কর্ম্ম সত্য ও ন্যায্য, এবং তাঁহার সমস্ত আজ্ঞা অটল, ও সদা- ৯ কাল স্থির, এবং সত্যতা ও সরলতাতে স্থাপিত। তিনি আপন লোকদের প্রতি মুক্তি প্রেরণ করিয়াছেন, ও আপনার নিয়ম সদাকালের নিমিত্তে স্থির করিয়াছেন; তাঁহার নাম পবিত্রময় ১০ ও ভয়ার্হ। পরমেশ্বর বিষয়ক ভয় জ্ঞানের আরম্ভ; এবং যাহারা

[illegible] সর্ব্বেষাং বুদ্ধিরুত্তমা।
প্রশংসা পরমেশস্য সর্ব্বদা তিষ্ঠতি স্থিরা॥

---

১১২ [illegible] গীতং।

ইব্রভাষা অকারাদিশ্লোকৈঃ ভক্তলোকস্য প্রশংসনং।

প্রশংসা [illegible] ক্রিয়তাং সংকীর্ত্যতাং। ১
ধন্যং মন্যে মনুষ্যং তং যো বিভেতি পরেশ্বরাৎ।
তস্যাজ্ঞাপালনেন [illegible] প্রতুষ্যতি॥
পৃথিব্যাং তস্য বংশো হি পরাক্রান্তো ভবিষ্যতি। ২
সদাচারস্য লোকস্য সুবংশাশিষমাপ্স্যতি॥
শ্রী ধনাদি তদ্গেহে ধর্ম্মস্তস্য সদা স্থিরঃ॥ ৩
উদেতি সাধুলোকে দীপ্তিঃ [illegible] প্রতি। ৪
দয়াশীলোঽনুকম্পী চ ধার্ম্মিকশ্চ স বিদ্যতে॥
সুজনঃ স দয়াং কুর্ব্বন্ ঋণদানং করোতি হি। ৫
সুবিচারাৎ স্বকার্য্যাণাং সিদ্ধবক্তাধিগচ্ছতি॥

তাঁহার আজ্ঞা পালন করে, তাহাদের উত্তম জ্ঞান হয়; পর-
মেশ্বরের প্রশংসা নিত্যস্থায়ী হউক।

১১২ গীত।

ইব্রী ভাষাতে অকারাদি গীতদ্বারা ভক্ত লোকের প্রশংসা।

পরমেশ্বরের ধন্যবাদ কর; যে জন পরমেশ্বরকে ভয় করে ও তাঁ- ১
হার আজ্ঞাতে অতি সন্তুষ্ট হয়, সেই ধন্য। পৃথিবীর মধ্যে ২
তাহার বংশ মান্য হয়; সাধু লোকের সন্তানেরা আশীর্ব্বাদ-
প্রাপ্ত হয়। তাহার গৃহেতে ধন ও সম্পত্তি থাকে, ও তাহার ৩
ধর্ম্ম চিরস্থায়ী। সাধু লোকের জন্যে অন্ধকারে দীপ্তির উদয় হয়; ৪
সে দয়ালু ও কৃপাময় ও ধার্ম্মিক। সাধু লোক দয়া করিয়া ঋণ ৫

৬ নিশ্চলঃ সর্বকালে স অস্তব্যো ধার্ম্মিকো সদা ॥
৭ অনিষ্টস্যাপি বার্ত্তায়াং ন নিঃশঙ্কোঽবতিষ্ঠতে।
তস্যান্তঃকরণং ধীরং পরমেশ্বরমাশ্রিতং ॥
৮ স্থিরচিত্তো হুভয়ো হুরীণাং দর্শনং ন প্রতীক্ষতে ॥
৯ স বিকীর্য্য নিজং বিত্তং দরিদ্রেভ্যো দদাতি হি।
ধর্ম্মস্তস্য সদা স্থায়ী তস্য শৃঙ্গঃ শোভয়োন্নতা ॥
১০ তদ্দৃষ্ট্বা দুর্জ্জনঃ ক্রুদ্ধো দন্তৈঃ কেড়ন্ বিলীয়তে।
দুরাচারমনুষ্যাণাং মনোঽভীষ্টং বিনঙ্ক্ষ্যতি ॥

---

১১৩ ত্রয়োদশশততমং গীতং।

অনুগ্রহার্থমীশ্বরস্য প্রশংসনং।

১ প্রশংসা পরমেশস্য যুষ্মাভিঃ সম্প্রকীর্ত্ত্যতাং ॥
হে পরেশ্বরদাসেয়া যুষ্মাভিঃ স প্রশস্যতাং।
পরমেশস্য যন্নাম যুষ্মাভিস্তৎ প্রশস্যতাং ॥
২ অদ্যারভ্য সদা ধন্যং ভূয়ান্নাম পরেশিতুঃ ॥

---

৬ দেয় ও সুবিচারে আপন কর্ম্ম নিষ্পন্ন করে। সে কদাচ বিচলিত
৭ হয় না, ধার্ম্মিক লোক সর্ব্বদা স্মরণে থাকে। কুসংবাদ শুনিলেও
সে ভয় করে না, পরমেশ্বরে প্রত্যাশা করাতে তাহার মন সুস্থির
৮ থাকে। সে যাবৎ শত্রুগণের বিপদ দর্শন না করে, তাবৎ তাহার
৯ মন দৃঢ় ও নির্ভয় থাকে। সে ধন ব্যয় করে ও দরিদ্রদিগকে দান
করে, ও তাহার ধর্ম্ম নিত্যস্থায়ী; সম্ভ্রমেতে তাহার বলবৃদ্ধি
